# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Boishakh 06, 1433 Bangla, April 19, 2026, Sunday, No. 106, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has said, government has started working to decentralize health service to reduce disparities in healthcare access. (Jago FM: 16)

Country's first Hajj flight has arrived in Saudi Arabia with 419 pilgrims after Prime Minister Tarique Rahman inaugurated this year's Hajj Flight at Hazrat Shahjalal International Airport in Dhaka. (R. Today: 13)

Prime Minister's Office has informed that BNP-led government has taken 60 significant steps in last two months since taking office for country's development. (BBC: 03)

Government has increased fuel oil prices at consumer level, aligning with global oil rates. (BBC: 03)

Government has expanded Piloting activities of Fuel Pass BD app for motorcycle registration in other districts beyond Dhaka. (R. Today: 13)

Shipping Minister Sheikh Rabiul Alam has said, all efforts are underway in diplomatic channels to return ship 'Banglar Joyjatra' stranded in Strait of Hormuz. (Jago FM: 17)

Education and Primary and Mass Education Minister Dr. ANM Ehsanul Haque Milon has informed that there will be no silent expulsion in next public examinations. (BBC: 03)

Bangladesh Atomic Energy Regulatory Authority has granted commissioning licence for first unit of Rooppur Nuclear Power Plant. (Jago FM: 17)

At least 12 people have been killed in thunderbolt striked across country's six districts. (R. Today: 14)

Iran has decided to close Strait of Hormuz again until US blockade on Iranian ports is lifted. (DW: 12)

**Director: 44813046** | **Deputy News Controller: 44813048 44813179** | **Assistant News Controller: 44813047 44813178**

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ০৬, বাংলা ১৪৩৩, এপ্রিল ১৯, ২০২৬, রবিবার, নং- ১০৬, ৫৬তম বছর**

# শিরোনাম

বৈষম্য দূর করতে স্বাস্থ্যসেবার বিকেন্দ্রীকরণে সরকার কাজ শুরু করেছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (জাগো এফএম: ১৬)

দেশের প্রথম হজ ফ্লাইট ৪১৯ জন হজযাত্রী নিয়ে সৌদি আরব পৌঁছেছে, এর আগে শুক্রবার রাতে প্রধানমন্ত্রী তারেক রহমান ঢাকার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এ বছরের হজ ফ্লাইট উদ্বোধন করেন। (রে. টুডে: ১৩)

বিএনপি নেতৃত্বাধীন সরকার দায়িত্ব নেওয়ার পরে গত দুই মাসে ৬০টি উল্লেখযোগ্য পদক্ষেপ নিয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর কার্যালয়। (বিবিসি: ০৩)

বিশ্ববাজারের সঙ্গে সামঞ্জস্য রেখে বাংলাদেশে ভোক্তা পর্যায়ে জ্বালানি তেলের বিক্রয়মূল্য বৃদ্ধি করেছে সরকার। (বিবিসি: ০৩)

ফুয়েল পাস বিডি অ্যাপের পাইলটিং কার্যক্রমের মোটরসাইকেল রেজিস্ট্রেশন ঢাকা জেলা ছাড়াও আরও কয়েকটি জেলা উন্মুক্ত করেছে সরকার। (রে. টুডে: ১৩)

হরমুজ প্রণালিতে আটকে পড়া জাহাজ ‘বাংলার জয়যাত্রা’কে ফেরাতে কূটনৈতিক চ্যানেলে সব ধরনের কাজ চলছে বলে জানিয়েছেন নৌপরিবহন মন্ত্রী শেখ রবিউল আলম। (জাগো এফএম: ১৭)

আসন্ন পাবলিক পরীক্ষাগুলোতে সাইলেন্ট এক্সপেল-এর কোনো সুযোগ থাকছে না বলে জানিয়েছেন শিক্ষা ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। (বিবিসি: ০৩)

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিটে জ্বালানি উৎপাদনের লক্ষ্যে কমিশনিং লাইসেন্স প্রদান করেছে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ। (জাগো এফএম: ১৭)

দেশের ছয় জেলায় বজ্রপাতে একদিনে ১২ জনের প্রাণহানি হয়েছে। (রে. টুডে: ১৪)

ইরানের বন্দরগুলোতে মার্কিন অবরোধ উঠিয়ে না নেওয়া পর্যন্ত হরমুজ প্রণালি আবার বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে দেশটি। (ডয়েচে ভেলে: ১২)

# বিবিসি

## শিশুদের হামের টিকা না দেওয়া বিগত দুই সরকারের ক্ষমাহীন অপরাধ : প্রধানমন্ত্রী

বাংলাদেশে "শিশুদের হামের টিকা না দেওয়ার ফলে বিগত দুই সরকারের জীবনবিনাশী ব্যর্থতা মনে হয় ক্ষমাহীন অপরাধ"- এই মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার ঢাকায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় আয়োজিত 'উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সম্মেলন-২০২৬'-এ প্রধান অতিথির বক্তব্যে এই কথা বলেন তিনি। ভবিষ্যতে আর কখনও যাতে এই ধরনের ঘটনার পুনরাবৃত্তি না হয়, সে জন্য সরকার জরুরি ভিত্তিতে হামের টিকা দিচ্ছে জানিয়ে তিনি বলেন, "ত্বরিত ব্যবস্থা নেওয়ায় আল্লাহর রহমতে পরিস্থিতির অবনতি রোধ করা সম্ভব হয়েছে।" হামের এই পরিস্থিতিতে যারা সন্তান হারিয়েছেন, সেসব বাবা-মা ও স্বজনদের কাছে প্রধানমন্ত্রী ব্যক্তিগতভাবে "দুঃখপ্রকাশ" করেন। "দেশের প্রতিটি হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রকে জবাবদিহিতার আওতায় এনে নাগরিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করা এখন সময়ের দাবি," এই মন্তব্যও করেন তিনি।(বিবিসি ওয়েব পেজঃ ১৮.০৪.২০২৬ রনি)

বাংলাদেশে সব ধরনের জ্বালানি তেলের দাম বৃদ্ধি, রোববার থেকে কার্যকর

বিশ্ববাজারের সঙ্গে সামঞ্জস্য রেখে বাংলাদেশে ভোক্তা পর্যায়ে জ্বালানি তেলের বিক্রয়মূল্য পুনর্নির্ধারণ করেছে সরকার। বেড়েছে সব ধরনের জ্বালানি তেলের দাম। শনিবার বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় থেকে পাঠানো এক বার্তায় এই মূল্য সমন্বয়ের কথা জানানো হয়। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, অকটেনের দাম বেড়ে প্রতি লিটার ১৪০ টাকা এবং পেট্রোলের দাম ১৩৫ টাকা করা হয়েছে। এছাড়া, নতুন মূল্য অনুযায়ী, পেট্রোল ১৩৫ টাকা, ডিজেল ১১৫ টাকা ও কেরোসিন ১৩০ টাকায় বিক্রি হবে। সরকারের বিজ্ঞপ্তিতে বলা হয়, আন্তর্জাতিক বাজারের সঙ্গে সামঞ্জস্য রাখতে এই মূল্য সমন্বয় করা হয়েছে। নতুন দাম আগামীকাল রোববার থেকে কার্যকর হবে। মূল্যবৃদ্ধির আগে ভোক্তাপর্যায়ে প্রতি লিটার ডিজেলের মূল্য ১০০ টাকা, কেরোসিন ১১২ টাকা, অকটেন ১২০ টাকা ও পেট্রোলের মূল্য ১১৬ টাকা ছিল।
(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৪.২০২৬ আলী আহমেদ)

## পাবলিক পরীক্ষায় 'নীরব বহিষ্কার' প্রথা থাকছে না, জানালেন বাংলাদেশের শিক্ষামন্ত্রী

বাংলাদেশে আসন্ন পাবলিক পরীক্ষাগুলোতে 'নীরব বহিষ্কার' বা সাইলেন্ট এক্সপেল-এর কোনো সুযোগ থাকছে না বলে জানিয়েছেন শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি জানিয়েছেন, যথাযথ আইনি প্রক্রিয়া (ডিউ প্রসেস) ছাড়া কাউকে বহিষ্কার করা আইনসম্মত নয়। শিক্ষা বোর্ডের পুরোনো এ সংক্রান্ত নীতিমালায় থাকা বিতর্কিত ২৯ নম্বর ধারাটি অবিলম্বে রহিত করতে সংশ্লিষ্টদের নির্দেশ দেওয়া হয়েছে। ২১ এপ্রিল থেকে শুরু হতে যাওয়া এসএসসি এবং ২ জুলাই থেকে অনুষ্ঠেয় এইচএসসি ও সমমান পরীক্ষা সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে আজ অংশীজনদের সঙ্গে আয়োজিত একটি বৈঠক শেষে তিনি এ কথা বলেন বলে জানায় রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস। শিক্ষামন্ত্রী বলেন, "নীরব বহিষ্কার বলে কোনো শব্দ থাকতে পারে না। ১৯৮০ সালের পাবলিক পরীক্ষা নিয়ন্ত্রণ আইন দিয়ে আমরা যখন পরীক্ষা পরিচালনা করেছিলাম, সেখানেও এমন কোনো নিয়ম ছিল না। এটি সম্পূর্ণ আইনবিরুদ্ধ।" "কাউকে শাস্তি দিতে হলে ডিউ প্রসেস বা স্বচ্ছ প্রক্রিয়ার মধ্যদিয়ে দিতে হবে। আপনি পরীক্ষা কক্ষে নকল করেছেন, কী করেননি, তা সেখানেই প্রমাণিত হতে হবে। নীরবে বাড়িতে বসে কাউকে বহিষ্কার করার বিষয়টি কোনোভাবেই গ্রহণযোগ্য নয়," বলেন তিনি। সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে 'নীরব বহিষ্কার' নিয়ে শিক্ষার্থীদের মধ্যে ছড়িয়ে পড়া উদ্বেগ ও শঙ্কার বিষয়ে মন্ত্রী বলেন, মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পরিচালনাসংক্রান্ত নীতিমালাটি ১৯৬১ সালের তৈরি করা। নীতিমালার পুরোনো কোনো অসংগতিপূর্ণ কপি থেকে এই বিভ্রান্তি ছড়িয়ে থাকতে পারে। আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি এ বিষয়ে দ্রুত একটি স্পষ্টীকরণ বিজ্ঞপ্তি জারি করবে বলেও জানান মন্ত্রী।
(বিবিসি ওয়েব পেজঃ ১৮.০৪.২০২৬ এলিনা)

## বিএনপি নেতৃত্বাধীন সরকার দায়িত্ব নেওয়ার পরে দুই মাসে ৬০টি উল্লেখযোগ্য পদক্ষেপ নিয়েছে

বাংলাদেশে বিএনপি নেতৃত্বাধীন সরকার দায়িত্ব নেওয়ার পরে গত দুই মাসে ৬০টি উল্লেখযোগ্য পদক্ষেপ নিয়েছে বলে জানিয়েছেন, দেশটির প্রধানমন্ত্রী তারেক রহমানের উপদেষ্টা মাহদী আমিন। ঢাকায় শনিবার একটি সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এই মুখপাত্র সরকারের নেওয়া নানা পদক্ষেপের বর্ণনা তুলে ধরেন। এসব পদক্ষেপের মধ্যে ৫৪টি জেলায় খাল খনন শুরু, স্বাস্থ্যকর্মী নিয়োগ, এমপিদের জন্য প্লট ও শুল্কমুক্ত গাড়ি না নেওয়া, ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড, ফুয়েল কার্ড, হজ কার্ড চালুর পাশাপাশি প্রবাসী কার্ড, ই-হেলথ কার্ড চালুর মতো নানা উদ্যোগ নেওয়া হয়েছে বলে তিনি জানান।(বিবিসি ওয়েব পেজঃ ১৮.০৪.২০২৬ এলিনা)

আমেরিকা অঞ্চলের সবজি ক্যাপসিকামের ফলন বাংলাদেশে কেন বাড়ছে

বাংলাদেশের কৃষি বিভাগ বলছে, চোখ ধাঁধানো বিভিন্ন রঙের ক্যাপসিকাম এর মধ্যেই বাংলাদেশে একটি জনপ্রিয় সবজিতে পরিণত হয়েছে এবং এর চাহিদা বাড়তে থাকায় টবে ও জমিতে এর চাষ ক্রমশই বাড়ছে। কৃষকরা অবশ্য বলছেন, প্রাথমিক ব্যয় বেশি হওয়া সত্ত্বেও বাজারে চাহিদা বৃদ্ধি পাওয়া এবং তুলনামূলক ভালো আয়ের সুযোগ থাকায় উচ্চমূল্যের এই

সবজি চাষের দিকে উদ্যোক্তারা বেশি ঝুঁকছেন। রাজধানী ঢাকাসহ সারা দেশের বাজার ও সুপার শপগুলোতে কয়েকটি রঙের ক্যাপসিকাম দেখা যায়। কৃষিবিদরা বলছেন, সবুজ, হলুদ, লাল, কমলা, বেগুনি- প্রতিটির পেছনে লুকিয়ে আছে আলাদা স্বাদ ও পুষ্টিগুণ। "এটি কাঁচা অবস্থায় খাওয়া যায় এবং আধুনিক খাদ্যাভ্যাসে সালাদ, পিৎজা, সাসলিকসহ বিভিন্ন ফাস্টফুড আইটেমে ক্যাপসিকাম একটি অপরিহার্য উপাদান হিসেবে ব্যবহৃত হয়। ফলে শহরাঞ্চলসহ সর্বত্র এর স্থায়ী বাজার চাহিদা তৈরি হয়েছে," বিবিসি বাংলাকে বলছিলেন কৃষি বিভাগের টিস্যুকালচার ল্যাবরেটরি কাম হর্টিকালচার সেন্টার স্থাপন ও উন্নয়ন প্রকল্প পরিচালক তালহা জুবাইর মাসরুর। যদিও বাংলাদেশে ঠিক কখন এর চাষাবাদ শুরু হয়েছে, সে সম্পর্কে তথ্য পাওয়া কঠিন। কৃষি বিভাগ বলছে, ২০১৪-১৫ সালের দিকে স্থানীয়ভাবে উৎপাদিত ক্যাপসিকাম বাজারে আসতে শুরু করে। এরপর থেকে ধারাবাহিকভাবেই এর উৎপাদন বেড়েই চলেছে। বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়নে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের দেওয়া তথ্য অনুযায়ী, গত কয়েক বছরে ক্যাপসিকামের উৎপাদন তিন গুণেরও বেশি বেড়েছে এবং দেশের মোট উৎপাদনের ৫৫ শতাংশই ক্যাপসিকাম আবাদ হয় ভোলা জেলায়। ওই জেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মো. খায়রুল ইসলাম মল্লিক বলছেন, জেলার দুটি উপজেলায় ১৮০ হেক্টরের মতো জমিতে ক্যাপসিকাম চাষ হচ্ছে।

রঙিন সবজি কিন্তু গুণ কি আলাদা

ক্যাপসিকাম প্রধানত উত্তর আমেরিকার মেক্সিকো ও দক্ষিণ আমেরিকার পেরু অঞ্চলের কৃষিপণ্য হিসেবে পরিচিত এবং ঝাল ও মিষ্টি উভয় ধরনের ক্যাপসিকামই বিশ্বজুড়ে চাষাবাদ হচ্ছে। কৃষি তথ্য সার্ভিস বলছে, ক্যাপসিকামে ভিটামিন 'এ', 'সি' এবং কোলাজেন থাকে। এসব উপাদান রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে এবং ত্বক ও অস্থি সন্ধি ভালো রাখতে সাহায্য করে। এছাড়া এতে ক্যাপসিসিন নামক এক ধরনের উপাদান থাকে, যা শরীরে কোলেস্টেরল ও ট্রাইগ্লিসারাইডের মাত্রা নিয়ন্ত্রণে সাহায্য করে। কৃষিবিদ তালহা জুবাইর মাসরুর বলছেন, লাল, হলুদ, সবুজ, কমলা ও বেগুনি বিভিন্ন রঙের এই সবজি কেবল দৃষ্টিনন্দনই নয়, বরং পুষ্টিগুণেও সমৃদ্ধ। "বিশেষ করে হলুদ, কমলা ও লাল ক্যাপসিকামের বাজারে চাহিদা তুলনামূলক বেশি এবং বছর জুড়েই এর ভালো বাজার মূল্য পাওয়া যায়। রঙিন ক্যাপসিকাম ভিটামিন 'সি', 'এ' এবং বিভিন্ন ধরনের অ্যান্টি-অক্সিডেন্টে ভরপুর, যা মানবদেহের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করতে সহায়তা করে," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। বাজারে ক্যাপসিকাম বিভিন্ন রঙের দেখা গেলেও ফসলটি গাছে আসতে শুরু করে সবুজ রং নিয়েই। চারা লাগানোর দুই মাস পরই গাছে ফল আসতে শুরু করে, তবে সবুজ রং থেকে অন্য রং আসতে তিন মাসের মতো সময় লাগে বলে জানিয়েছেন যশোরের ক্যাপসিকাম চাষি মানিক রাজা। এরপর একই গাছ থেকে অন্তত নয় মাস পর্যন্ত ফলন পাওয়া যায়।

বীজ, চাষ ও বাজার সম্ভাবনা

বাংলাদেশের ভোলা, সিলেট, নওগাঁ, চুয়াডাঙ্গা, কুড়িগ্রাম ও যশোর অঞ্চলের কিছু জেলা ও উপজেলায় ক্যাপসিকামের চাষ হচ্ছে। চলতি বছর কুমিল্লাসহ আরও কয়েকটি জায়গায় প্রথমবারের মতো ক্যাপসিকাম চাষের তথ্য পাওয়া গেছে। অনেকে আবার শখ করে টবেও ক্যাপসিকাম উৎপাদনের চেষ্টা করছেন এবং এই প্রবণতাও সাম্প্রতিক সময়ে বেশ বেড়েছে। কৃষি তথ্য সার্ভিস বলছে, "অতি সহজেই টবে চাষ করা যায় বলে দেশের জনসাধারণকে এই

মিষ্টি মরিচ খাওয়ার জন্য উদ্বুদ্ধ করা যেতে পারে।" পরিসংখ্যান ব্যুরোর তথ্য অনুযায়ী, ২০২৪-২৫ অর্থবছরে ক্যাপসিকাম উৎপাদন হয়েছে ৪৭৫ টনের মতো। অথচ ২০২১-২২ অর্থবছরে উৎপাদন ছিল দেড়শ টনের কাছাকাছি। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে ক্যাপসিকাম চাষ ও উদ্যোক্তা বিষয়ে প্রশিক্ষণ পাওয়া কৃষক মানিক রাজা যশোরের শার্শা ও ঝিকরগাছায় ক্যাপসিকাম চাষ করছেন। তিনি বলছেন, কয়েক বছর আগে শুরুতে ৬/৭ বিঘা জমিতে ক্যাপসিকাম চাষের জন্য তাদের খরচ হয়েছিল প্রায় ২৪ লাখ টাকা। "একবার পলি হাউজ বা নেট হাউজ হয়ে গেলে পরের বছর আর বেশি খরচ হয় না। আর প্রথম বছর প্রায় ৩৫ লাখ টাকার বিক্রি করেছিলাম। তারপর প্রতি বছর গড়ে ৫০ লাখের মতো আসছে," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। তিনি চলতি বছর প্রায় ১৪ বিঘা জমিতে ক্যাপসিকাম চাষ করেছেন, যার মধ্যে হলুদ ক্যাপসিকামই বেশি। "বাজারে হলুদ ও লাল ক্যাপসিকামের চাহিদা বেশি, মাঠ থেকেই ১৫০ থেকে ২০০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। সরকার থেকে পলি হাউজসহ আধুনিক ব্যবস্থাপনার বিভিন্ন উপকরণ দেওয়া হচ্ছে," বলছিলেন মি. রাজা। ক্যাপসিকামের জমিতে ক্যাপসিকাম চাষের গ্যাপ থাকার সময়ে তিনি ধান বুনে নির্দিষ্ট সময় পর চাষ দিয়ে মাটির সাথে মিশিয়ে দেন, যা পরে ওই জমিতে জৈবসারের কাজ করে। এছাড়া একই জমিতে টমেটো, ব্রোকলি, রঙিন বাঁধাকপি ও শসার চাষ করে থাকেন। কৃষি কর্মকর্তা ও কৃষকদের কাছ থেকে পাওয়া তথ্য অনুযায়ী, একটি পরিপক্ব ক্যাপসিকামের ওজন প্রায় আড়াইশো গ্রাম হয়ে থাকে। আবার বাংলাদেশে এটি চাষের উপযোগী পরিবেশ তৈরি করাটাও খুব কঠিন কিছু নয়, পাশাপাশি উৎপাদন ও দাম বেশি বলে এর প্রতি আগ্রহ বাড়ছে কৃষকের। প্রতিবছর চাষের পরিমাণ বাড়ছে বলে বিভিন্ন শিল্পগোষ্ঠী-এর বীজ আমদানি শুরু করেছে। কৃষি গবেষণা ইন্সটিটিউটও তিন ধরনের বীজ উদ্ভাবন করেছে, যা সরকারি প্রতিষ্ঠান বিএডিসির মাধ্যমে কৃষকদের কাছে পৌঁছানো হচ্ছে।

তবে এই ফসলটি মূলত নিয়ন্ত্রিত পরিবেশে যেমন পলিনেট বা গ্রিনহাউজে চাষ করা হয়, যেখানে তাপমাত্রা, আর্দ্রতা ও আলো নিয়ন্ত্রণের মাধ্যমে উন্নত মানের উৎপাদন নিশ্চিত করা সম্ভব। তালহা জুবাইর মাসরুর বলছেন, রঙিন ক্যাপসিকাম বাংলাদেশের জন্য একটি উচ্চমূল্যের এবং সম্ভাবনাময় ফসল। নিয়ন্ত্রিত পরিবেশে আধুনিক প্রযুক্তি ব্যবহার করে ক্যাপসিকাম চাষ করলে স্বল্প পরিসরের জমিতেও উচ্চ আয় করা সম্ভব। "বর্তমানে দেশে এর চাহিদা দ্রুত বাড়লেও উৎপাদন এখনো সীমিত, ফলে বাজারে একটি বড়ো ঘাটতি বিদ্যমান এবং আমদানির ওপর নির্ভরতা রয়েছে। এই বাস্তবতা আমাদের জন্য একটি বড়ো সুযোগ তৈরি করেছে," বলছিলেন তিনি। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বলছে, নদীর পলি পড়া, সবুজ সারের ব্যবহার এবং নিয়মিত সার ব্যবহারের ফলে প্রতি হেক্টর জমিতে ৩০-৩৫ টন পর্যন্ত ফলন হতে পারে। "ক্যাপসিকাম চাষ করে কৃষকেরা প্রতি হেক্টরে সাধারণত ১৪-১৮ লাখ টাকা আয় করেন। তবে ক্যাপসিকাম চাষ বেশ ব্যয় ও কষ্টসাধ্য। এ ফসল আবাদকারী কৃষকেরা সাধারণত মৌসুম জুড়ে মাঠেই পড়ে থাকেন," অধিদপ্তরের এক প্রতিবেদনে বলা হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ : ১৯.০৪.২০২৬ আলী আহমেদ)

সরকারি তথ্যে জ্বালানি তেলের 'রেকর্ড মজুত', বাস্তবে কেন হাহাকার?

ফিলিং স্টেশনের সামনে প্রতিদিনই দীর্ঘ হচ্ছে যানবাহনের সারি, ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করেও জ্বালানি তেল না পাওয়ার অভিযোগ অনেকের। অথচ সরকার বলছে, ইতিহাসের সব থেকে বেশি পরিশোধিত জ্বালানির মজুত এই মুহূর্তে বাংলাদেশের হাতে রয়েছে। জ্বালানি

তেল নিয়ে দেশের সরেজমিন চিত্র এবং সরকারি তথ্যের এই বিপরীত অবস্থানের প্রেক্ষাপটে একটি প্রশ্নই ঘুরেফিরে সামনে আসছে- মজুত ও সরবরাহ যদি পর্যাপ্তই থাকে, তাহলে এত তেল যাচ্ছে কোথায়? এক্ষেত্রে অবৈধ মজুত আর 'প্যানিক বাইংয়ের' বিষয়টি সামনে আনছেন অনেকে। এছাড়া পরিস্থিতির সুযোগ নিয়ে জ্বালানি তেলের 'মৌসুমি ব্যবসায়ী' তৈরি হয়েছে বলেও অভিযোগ উঠেছে। ফিলিং স্টেশনের সামনে দীর্ঘ সময় অপেক্ষা করে তেল না পেয়ে, দ্বিগুণ দামে খোলাবাজার থেকে কিনেছেন বাগেরহাটের বাসিন্দা প্রহ্লাদ দে। "কারো কারো তো এটা ব্যবসা হইছে নতুন। সকালে বাইক নিয়ে বের হয়, সারাদিন পাম্পে পাম্পে ঘোরে। তেল নিয়ে এলাকায় গিয়ে ১২০ টাকার তেল ২২০-২৫০ টাকায় বিক্রি করে," বিবিসি বাংলাকে বলেন তিনি। মাগুরার বাসিন্দা মোটরসাইকেল চালক আবু সাঈদ রাজিব বলছেন, পেট্রোল পাম্পগুলোতে লাইনে দাঁড়ানো নিয়ে নানা অনিয়ম হচ্ছে, কিন্তু দেখার কেউ নেই। "ট্যাগ অফিসার দেখিনি, তবে সব পাম্পেই পুলিশ আছে। আর থাকলেও লাভ কী? কে শোনে কার কথা। স্থানীয় পর্যায়ের অনেক মানুষ এগুলো মানে না," বিবিসি বাংলাকে বলেন তিনি। "ভয়াবহ অবস্থা, কেউ প্রভাব খাটাচ্ছে, আবার কেউ এক-দুইশো টাকা দিয়ে লাইনে না দাঁড়িয়ে বেশি তেল নিয়ে নিচ্ছে, যারা নিয়ম মেনে লাইনে দাঁড়ায়- তারা আছে দুর্ভোগে," বিবিসি বাংলাকে বলেন রাজশাহীর প্রাইভেটকার চালক আব্দুল কাদের। তাহলে, জ্বালানি তেলের অবৈধ মজুত রুখে স্বাভাবিক সরবরাহ নিশ্চিতে ভ্রাম্যমাণ আদালত, ট্যাগ অফিসার নিয়োগসহ সরকার যে-সব পদক্ষেপ নিয়েছে, সেগুলো কি কাজে আসছে না? এক্ষেত্রে জরুরি পরিস্থিতিতে ব্যবস্থা নিতে সরকারের বিভিন্ন সংস্থার প্রাতিষ্ঠানিক দক্ষতা এবং ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছেন জ্বালানি বিশেষজ্ঞদের অনেকে। তারা বলছেন, সরকারের দেওয়া তথ্যে মানুষ কেন আস্থা পাচ্ছে না, সেটিও বিবেচনায় নেওয়া জরুরি।

হিসাব মিলছে না

বাংলাদেশে কী পরিমাণ জ্বালানি মজুত রয়েছে? আর তা দিয়ে কতদিন চলবে? মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতি তৈরির পর থেকে ঘুরে ফিরেই আসছে এসব প্রশ্ন। গত ১৫ এপ্রিল জ্বালানি বিভাগের দেওয়া সবশেষ তথ্য অনুযায়ী, বর্তমানে দেশে ডিজেলের মজুত রয়েছে ১ লাখ ১ হাজার ৩৮৫ মেট্রিক টন। এছাড়া, ৩১ হাজার ৮২১ মেট্রিক টন অকটেন, ১৮ হাজার ২১১ মেট্রিক টন পেট্রোল, ৭৭ হাজার ৫৪৬ মেট্রিক টন ফার্নেস অয়েল এবং ১৮ হাজার ২২৩ মেট্রিক টন জেট ফুয়েল মজুত রয়েছে। এর পাশাপাশি, বেশ কয়েকটি জাহাজ নির্দিষ্ট সময় অনুযায়ী আমদানিকৃত জ্বালানি নিয়ে দেশে পৌঁছানোর অপেক্ষায় রয়েছে বলেও জানানো হয়। এমন প্রেক্ষাপটে শুক্রবার ইস্টার্ন রিফাইনারি লিমিটেড বা ইআরএল পরিদর্শন শেষে বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত দাবি করেন, বাংলাদেশের ইতিহাসে সব থেকে বেশি পরিশোধিত জ্বালানি এই মুহূর্তে মজুত রয়েছে। প্রতিমন্ত্রী জানান, "এপ্রিল এবং মে মাসের জ্বালানি চাহিদা পূরণের পূর্ণ সক্ষমতা বাংলাদেশ সরকারের রয়েছে। এখন আমরা মূলত জুন মাসের সম্ভাব্য চাহিদা মেটাতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছি।" তাহলে ফিলিং স্টেশনের সামনে জ্বালানির জন্য যানবাহনের দীর্ঘ সারি কমছে না কেন? এই প্রশ্নের উত্তর খুঁজছে সরকারও। বিদ্যুৎ ও জ্বালানিমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ শনিবার বিবিসি বাংলাকে বলেন, পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় জ্বালানি সরবরাহ কিংবা বিকল্প উৎস থেকে আমদানির চেষ্টা, প্রয়োজনীয় সব পদক্ষেপই সরকার নিয়েছে। তিনি জানান, সরকারের বিভিন্ন

সংস্থা অবৈধ মজুতদারদের বিরুদ্ধে নিয়মিত অভিযান চালাচ্ছে, ট্যাগ অফিসার নিয়োগ করা হয়েছে। আতঙ্ক কমাতে জ্বালানি মজুতের তথ্য নিয়মিত মানুষকে জানানো হচ্ছে। "আমরা তো তেলের সরবরাহ দিয়ে যাচ্ছি। আশ্বস্তও করছি যে, কোনো সংকট নেই। বরং অতীত চাহিদার তুলনায় ২৫ শতাংশ বাড়তি তেল দেওয়া হচ্ছে পাম্পগুলোতে। তবুও মানুষ কেন আতঙ্কিত হয়ে বাড়তি তেল কিনছে, পাম্পের সামনে দীর্ঘ লাইনে দাঁড়াচ্ছে?," বিবিসি বাংলাকে বলেন তিনি।

জ্বালানিমন্ত্রী বলেন, গত বছরের একই সময়ে যতটুকু তেল সরবরাহ করা হয়েছিল, এখনো সেটিই করা হচ্ছে, সংকটের কোনো কারণ নেই। মজুতদারদের বিরুদ্ধে সরকার ব্যবস্থা নিচ্ছে বলেও জানান তিনি। জ্বালানি বিভাগের দেওয়া তথ্য অনুযায়ী, গত ৩ মার্চ থেকে ১৪ এপ্রিল পর্যন্ত দেশজুড়ে নয় হাজারের বেশি অভিযান চালিয়ে অবৈধ মজুত করা প্রায় ৫ লাখ ৪২ হাজার লিটার জ্বালানি জব্দ করা হয়েছে। মজুতদারদের ১ কোটি ৫৬ লাখ টাকা জরিমানা করার পাশাপাশি ৪৫ জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দেওয়া হয়েছে বলেও জানানো হয়।

সমাধান হবে কীভাবে?

দেশে জ্বালানি তেল নিয়ে 'তেলেসমাতি কর্মকাণ্ড' সাধারণ মানুষকে বেশ বিপাকে ফেলেছে। সরবরাহ এবং চাহিদার হিসাব মেলোতে হিমশিম সরকারও। জ্বালানি বিশেষজ্ঞরা বলছেন, মধ্যপ্রাচ্য পরিস্থিতির কারণে জ্বালানি সরবরাহের ধারাবাহিকতায় ছেদ পড়েছে এটা যেমন সত্য, তেমনি সরকারের দেওয়া তথ্যের ওপর মানুষ আস্থা রাখতে পারছে না এই বাস্তবতাও রয়েছে। এক্ষেত্রে সামাজিক মাধ্যম ও বিভিন্ন গণমাধ্যমে ছড়িয়ে পড়া তথ্য-অপতথ্যের মিশেলও নেতিবাচক ভূমিকা রাখছে বলেও মনে করেন অনেকে। তেল-গ্যাস-খনিজ সম্পদ ও বিদ্যুৎ-বন্দর রক্ষা জাতীয় কমিটির সদস্যসচিব অধ্যাপক আনু মুহাম্মদ বলছেন, জরুরি পরিস্থিতিতে সাংগঠনিক বা প্রাতিষ্ঠানিকভাবে যে প্রতিক্রিয়া জানানো দরকার ছিল, সেটি করতে পারেনি সরকার। "মানুষের যে ভোগান্তি, তার সাথে সরকারের ভূমিকা ঠিক সংগতিপূর্ণ হচ্ছে না। সরকারের দেওয়া তথ্যের প্রতি মানুষের আস্থা কেন তৈরি হচ্ছে না, কেন মানুষ তারপরও ঘণ্টার পর ঘণ্টা গিয়ে লাইনে বসে আছে, এটিও সরকারের পর্যালোচনা করা উচিত," বিবিসি বাংলাকে বলেন তিনি। বিশেষজ্ঞরা বলছেন, জ্বালানি নিয়ে সৃষ্ট অনিশ্চয়তা থেকে মানুষ প্যানিক বাইং যেমন করছে, তেমনি কৃত্রিম সংকট তৈরি করে বাড়তি ব্যবসা করার সুযোগও নিচ্ছে কেউ কেউ। আতঙ্ক, সরকারি তথ্যে অস্বচ্ছতা, ব্যক্তি বা প্রাতিষ্ঠানিক পর্যায়ে মজুতের অপচেষ্টা এমন নানা কারণ সম্মিলিতভাবে পুরো জ্বালানির বাজারকে অস্থির করে তুলেছে। "সরকারকেই তো ব্যবস্থা নিতে হবে। তেল যদি পর্যাপ্ত থাকে, তাহলে সমস্যা হবে কেন? বড়ো পরিসরে মজুতের চেষ্টা কেউ করলে সেটি বন্ধের ব্যবস্থাও সরকারকেই নিতে হবে। সাধারণ মানুষেরও দায়িত্ব আছে, কিন্তু মূল দায়িত্ব তো সরকারের," বলেন তিনি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব বিভাগের অধ্যাপক ও জ্বালানি বিশেষজ্ঞ ড. বদরুল ইমাম বলছেন, পর্যাপ্ত মজুত থাকার পরও অস্থিরতা কেন হচ্ছে, এই প্রশ্নের উত্তর সরকারকেই খুঁজতে হবে। "ম্যানেজমেন্টে সমস্যা হওয়ার তো কোনো কারণ নাই। কোনো দুর্যোগও তো ঘটে নাই যে, স্বাভাবিক ব্যবস্থাপনা ব্যাহত হবে," বলেন তিনি। বিশেষজ্ঞরা বলছেন, কেবল মজুত নিশ্চিত

করাই যথেষ্ট নয়, বরং বাজার মনিটরিং ও জনমনে সৃষ্ট অনিশ্চয়তা দূর করার মূল দায়িত্ব সরকারকে সুপরিকল্পিতভাবে পালন করতে হবে। (বিবিসি ওয়েব পেজ : ১৮.০৪.২০২৬ আলী আহমেদ)

**ঢাকায় ম্যালেরিয়ায় আক্রান্ত হওয়ার ঝুঁকি কতটা?**

ম্যালেরিয়া রোগে আক্রান্ত হয়ে সরকারের একজন সচিবের মৃত্যুর পর অনেকের মধ্যেই এই উদ্বেগ তৈরি হয়েছে যে, মশার ব্যাপক প্রজননের ক্ষেত্র হিসেবে পরিচিত রাজধানী ঢাকায় ম্যালেরিয়ায় আক্রান্ত হওয়ার ঝুঁকি আছে কি-না। যদিও বাণিজ্য সচিব মাহবুবুর রহমান আফ্রিকার দেশ ক্যামেরুন সফর থেকে ফিরে আসার পর জ্বরে আক্রান্ত হন যে এলাকাটিতে ম্যালেরিয়ায় আক্রান্ত হওয়ার প্রবণতা বেশি। জ্বরের এক পর্যায়ে প্লাটিলেট কমে যাওয়ায় সোমবার হাসপাতালে ভর্তি হয়েছিলেন মি. রহমান। শুক্রবার সকালে তার মৃত্যুর পর মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তিতে ম্যালেরিয়া শনাক্ত হওয়ার খবর জানানো হয়। বাংলাদেশের বিশেষজ্ঞরা বলছেন, যে-সব দেশে ম্যালেরিয়া রোগ এখনো আছে, তার মধ্যে ক্যামেরুন একটি এবং সেখানকার ভ্যারিয়েন্টও অত্যন্ত শক্তিশালী। কিন্তু প্রশ্ন উঠছে, ক্যামেরুন বা ম্যালেরিয়া আছে, এমন কোনো দেশ থেকে আক্রান্ত হয়ে দেশে আসার পর কাউকে অ্যানোফিলিস জাতীয় মশা কামড় দিলে ওই জীবাণু ছড়াতে পারে কি-না। একই সাথে রাজধানী ঢাকায় অ্যানোফিলিস জাতীয় মশা আছে কি-না এবং থাকলে তা ম্যালেরিয়া জীবাণুবাহী কি-না। অর্থাৎ সব মিলিয়ে ঢাকায় ম্যালেরিয়ায় আক্রান্ত হওয়ার ঝুঁকি আসলে কতটা আছে বা আদৌ আছে কি-না। স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ বিভাগের পরিচালক অধ্যাপক মো. হালিমুর রশীদ বিবিসি বাংলাকে বলছেন, ঢাকা থেকে ম্যালেরিয়ায় আক্রান্ত হওয়ার ঝুঁকি মোটেও নেই। "এমন আশঙ্কা শূন্য। কেউ অন্য জায়গা থেকে আক্রান্ত হয়ে ঢাকায় আসতে পারে। কিন্তু ঢাকায় এ সম্ভাবনা নেই," বলছিলেন তিনি।

কীটতত্ত্ববিদ ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক কবিরুল বাশার অবশ্য বলছেন, ঢাকায় অ্যানোফিলিস জাতীয় মশা আছে, কিন্তু সেই মশার ম্যালেরিয়া রোগ ছড়ানোর ক্ষমতা বা ম্যালেরিয়া জীবাণু হার কেমন, তা নিয়ে গবেষণা দরকার।

ঢাকায় অ্যানোফিলিস মশা আছে?

বাংলাদেশে সরকার ২০৩০ সালের মধ্যে বাংলাদেশ থেকে ম্যালেরিয়া পুরোপুরিভাবে নির্মূলের লক্ষ্য নির্ধারণ করেছে। যদিও সেটি অর্জন করা সম্ভব হবে কি-না এরই মধ্যে সেই প্রশ্নও উঠেছে। এর আগে, ঢাকায় শতাধিক হটস্পট নির্ধারণ করে সেগুলোতে বিশেষ কার্যক্রম গ্রহণের মাধ্যমে ম্যালেরিয়া নিয়ন্ত্রণের চেষ্টা হয়েছিল। যদিও সাম্প্রতিক জরিপগুলোতে অ্যানোফিলিস জাতীয় মশার অস্তিত্ব ধরা পড়ছে। মশাবাহিত রোগের মধ্যে অন্যতম হলো ম্যালেরিয়া এবং স্ত্রী অ্যানোফিলিস মশা এই রোগের জীবাণু ছড়ায়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্যমতে, বাংলাদেশের তিন পার্বত্য জেলা এবং সীমান্তবর্তী ১৩টি জেলাকে ম্যালেরিয়া-প্রবণ হিসেবে বিবেচনা করা হয়। কীটতত্ত্ববিদ কবিরুল বাশার বলছেন, চলতি মাসেই তারা তাদের জরিপে ঢাকার উত্তরা, মিরপুর ও গুলশানে তিনটি প্রজাতির অ্যানোফিলিস মশা পেয়েছেন। "২০২৩-২৪ সাল থেকে আমাদের জরিপগুলো আমরা ছয় প্রজাতির অ্যানোফিলিস মশার অস্তিত্ব পেয়ে আসছি। শুধু তাই নয়, ঢাকা ও বিভিন্ন শহরে অ্যানোফিলিস মশার ছয়টি প্রজাতি পেয়েছি। ঢাকায় উত্তরায় বেশি পাওয়া যাচ্ছে এই মশা," বলছিলেন তিনি। এর আগে, গত বছর এপ্রিলে প্রথম ম্যালেরিয়াবাহী এই ধরনের মশার অস্তিত্ব পাওয়ার কথা জানিয়েছিলেন

তিনি। বাংলাদেশে ম্যালেরিয়ার প্রাদুর্ভাব রোধে পদক্ষেপ নেওয়ার দুই দশকের বেশি সময়ের মধ্যে সেবারই প্রথম এই ধরনের মশার তথ্য দেওয়া হয়েছিল। মি. বাশার অবশ্য বলছেন, অ্যানোফিলিস জাতীয় মশা শহরে থাকলেই যে মানুষ ম্যালেরিয়ায় আক্রান্ত হবে, তা নয়। "সেই মশার ম্যালেরিয়া প্যারাসাইট থাকতে হবে। সেটি আছে কি-না, অর্থাৎ সেই মশার ম্যালেরিয়া রোগ ছড়ানোর ক্ষমতা বা ম্যালেরিয়ায় জীবাণু হার কেমন তা পরীক্ষা করা দরকার।"

উদ্বেগের ভিত্তি কতটা?

বিশেষজ্ঞদের মতে, অন্য জায়গা থেকে ম্যালেরিয়ায় আক্রান্ত হয়ে কেউ এলে জীবাণুটি অ্যানোফিলিস জাতীয় মশার মাধ্যমে অন্যদের শরীরে ছড়াতে পারে। সংক্রমিত অ্যানোফিলিস জাতীয় স্ত্রী মশার কামড়ে ম্যালেরিয়া শুরু হয়। পরে ম্যালেরিয়ার জীবাণু লালার মাধ্যমে শরীরে প্রবেশ করে এবং যকৃতে পৌঁছে। সেখানে তারা পরিপক্ক হয় এবং বংশ বৃদ্ধি করে। অ্যানোফিলিস মশা যখন অন্য কাউকে কামড়ায়, তখন তার রক্তে ম্যালেরিয়ার জীবাণু ছড়ায় এবং সেও আক্রান্ত হয়। ম্যালেরিয়াবাহী মশা মূলত সন্ধ্যা থেকে ভোরের মধ্যে কামড়ায়। তবে ঢাকায় এই ঝুঁকি কতটা আছে, তা নিয়ে কোনো গবেষণার তথ্য পাওয়া যায় না। বরং ম্যালেরিয়া রোগে আক্রান্ত হওয়ার প্রবণতা আছে- এমন অনেক শহরে ঢাকা থেকে লোকজনের যাতায়াত থাকায় 'আরবান ম্যালেরিয়া'র আশঙ্কা আছে কারও কারও মধ্যে। "বাংলাদেশের পার্বত্য অঞ্চলসহ কিছু জায়গায় ম্যালেরিয়া এখনো আছে। আবার এশিয়া ও আফ্রিকার যে-সব দেশে ম্যালেরিয়ায় এখনো অনেক মানুষ আক্রান্ত হচ্ছে, সেসব জায়গায় এদেশ থেকে মানুষের যাতায়াত আছে। সে কারণেই ঢাকার ঝুঁকি কতটা তা নিরূপণ করা দরকার। বিভিন্ন শহরে, এমনকি কলকাতাতেও আছে। ফলে ঢাকাতে যে হবে না, সেটা উড়িয়ে দেওয়া যায় না। তবে এগুলো পরীক্ষা নিরীক্ষা করে যাচাই করতে হবে," বলছিলেন মি. বাশার।

স্বাস্থ্য অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ বিভাগের পরিচালক অধ্যাপক মো. হালিমুর রশীদ বলছেন, এখন পর্যন্ত ঢাকায় ম্যালেরিয়ার জীবাণুবাহী মশার অস্তিত্ব থাকার তথ্য পাওয়া যায়নি এবং সে কারণে তারা মনে করেন ঢাকায় কারও ম্যালেরিয়ায় আক্রান্ত আশঙ্কা নেই। প্রসঙ্গত, প্রচুর মানুষ আক্রান্ত হওয়া এবং মারা যাওয়ার কারণে ১৯৯০ সালে বাংলাদেশ সরকার ম্যালেরিয়াকে জনস্বাস্থ্য সমস্যা হিসেবে ঘোষণা করে এবং এটি নিয়ন্ত্রণে উদ্যোগী হয়েছিল। জাতীয় ম্যালেরিয়া নির্মূল কর্মসূচির কর্মকর্তারা জানিয়েছেন, বিভিন্ন উদ্যোগের কারণে ২০০৮ সাল ২০২৪ সালের মধ্যে ম্যালেরিয়ায় আক্রান্তের হার ৮৫ শতাংশ কমেছে। তবে, বাংলাদেশে ম্যালেরিয়া নির্মূলে জাতীয় কৌশলগত পরিকল্পনা ২০২১-২৫-এ বলা হয়েছে, "বাংলাদেশে ম্যালেরিয়া এখনো একটি গুরুত্বপূর্ণ জনস্বাস্থ্য সমস্যা হিসেবে রয়ে গেছে। ২০২০ সালের বিশ্ব ম্যালেরিয়া রিপোর্ট অনুযায়ী, বাংলাদেশে ম্যালেরিয়া এখনো স্থানীয়ভাবে বিদ্যমান আছে।" জনস্বাস্থ্য বিশেষজ্ঞ মুশতাক হোসেন বলছেন, ম্যালেরিয়া উপদ্রুত এলাকায় না গেলে ম্যালেরিয়ায় আক্রান্ত হওয়ার আশঙ্কা থাকে না এবং সে কারণেই ঢাকায় ম্যালেরিয়া সংক্রমণ নিয়ে উদ্বেগের কিছু নেই বলেই তিনি মনে করেন। "তবে মশাবাহিত নানা রোগ নতুন নতুন সংকট তৈরি করছে ডেঙ্গি, জিকা এসেছে। ম্যালেরিয়া নিয়ন্ত্রণে কাজ হচ্ছে। পাশাপাশি মশা নিয়ন্ত্রণ করতে হবে। সেটি করা গেলে ম্যালেরিয়া নিয়ে আশঙ্কার কারণ থাকবে না," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।

ম্যালেরিয়ার লক্ষণ কী?

চিকিৎসকদের মতে, এই রোগের প্রধান লক্ষণ কাঁপুনি দিয়ে জ্বর আসা। জ্বর ১০৫-১০৬ ডিগ্রি ফারেনহাইট পর্যন্ত হতে পারে। তবে অনেক সময় জ্বর আসা-যাওয়া করে নিয়মিত ও নির্দিষ্ট বিরতিতে, যেমন একদিন পর পর জ্বর এসে তা তিন-চার ঘণ্টা দীর্ঘ হতে পারে। এরপর ঘাম দিয়ে জ্বর কমে যায়। এছাড়া অন্যান্য লক্ষণের মধ্যে রয়েছে- (১) মাঝারি থেকে তীব্র কাঁপুনি বা শীত শীত; (২) মাথা ধরা; (৩) অনিদ্রা, ক্ষুধামন্দা, কোষ্ঠকাঠিন্য; (৪) বমি বমি ভাব ও বমি; (৫) হজমে সমস্যা; (৬) অত্যধিক ঘাম হওয়া; (৭) খিঁচুনি; (৮) পিপাসা কম লাগা; (৯) ক্লান্তি বা অবসাদ অনুভব করা; (১০) মাংসপেশি বা তলপেটে ব্যথা এবং (১১) রক্তশূন্যতা। (বিবিসি ওয়েব পেজ : ১৮.০৪.২০২৬ আলী আহমেদ)

বাংলাদেশের জন্য আইএমএফ-এর ঋণের পরবর্তী কিস্তি নিয়ে 'অনিশ্চয়তা' কেন?

আন্তর্জাতিক মুদ্রা তহবিলের বা আইএমএফ বাংলাদেশের জন্য যে ঋণ অনুমোদন করেছিল, তার পরবর্তী কিস্তি পাওয়া নিয়ে এক ধরনের অনিশ্চয়তা দেখা দিয়েছে। যদিও, সরকার বলছে, কিছু মতপার্থক্য থাকলেও আলোচনা চলছে। তবে অর্থনীতিবিদদের কেউ কেউ মনে করছেন, মূলত কম রাজস্ব আদায় ও ব্যাংকিং খাতের সংস্কার বাস্তবায়নে ব্যর্থতার কারণেই আইএমএফ-এর ঋণ নিয়ে সংকট তৈরি হয়েছে। সরকারের সংশ্লিষ্ট সূত্রগুলো বলছে, আগামী জুনের মধ্যে আইএমএফ-এর কাছ থেকে এক দশমিক তিন বিলিয়ন বা ১৩০ কোটি ডলার ঋণ পাওয়ার কথা ছিল। এ আইএমএফ-এর সঙ্গে আলোচনা চালিয়ে যাচ্ছে বাংলাদেশ। আইএমএফ-এর সাথে চলতি সপ্তাহে বৈঠকও হয়েছে। কিন্তু ঋণের অর্থছাড় নিয়ে যে সংকট ছিল, তা এখনো কাটেনি। বাংলাদেশের অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল বর্তমানে যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে আছে। তাদের উপস্থিতিতে শুক্রবার সেখানে আইএমএফ ও বিশ্বব্যাংকের একটি বৈঠক অনুষ্ঠিত হয়েছে। আইএমএফ-এর সদর দপ্তরে বৈঠক শেষে অর্থমন্ত্রী মি. চৌধুরী গণমাধ্যমকে জানিয়েছেন, ঋণের কিস্তি ছাড় নিয়ে এখনো কোনো সিদ্ধান্ত জানায়নি আইএমএফ। তিনি বলেছেন, অমীমাংসিত বিষয়গুলো আলোচনার মাধ্যমে সমাধান হবে। অর্থনীতিবিদরা বলছেন, এই কর্মসূচির আওতায় ঋণের কিস্তি পেতে যে-সব শর্ত ছিল বাংলাদেশের পক্ষ থেকে একদিকে তা যেমন বাস্তবায়ন করা হয়নি, উল্টো ব্যাংক অধ্যাদেশে সংশোধন আনাসহ পরিস্থিতিকে আরো জটিল করেছে, যে কারণে ঋণের কিস্তি পাওয়া নিয়ে সংকট তৈরি হয়েছে। আবার, ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসের প্রেস উইং জানিয়েছে, কিছু সংবাদমাধ্যমে প্রকাশিত 'আইএমএফ ঋণের পরবর্তী কিস্তি স্থগিত করেছে'- এমন খবর 'সম্পূর্ণ অসত্য'।

আইএমএফ-এর ঋণ পাওয়ার শর্ত কতটা বাস্তবায়ন হয়েছে?

আইএমএফ-এর সাথে বাংলাদেশের এই ঋণ চুক্তি নতুন নয়। ২০২৩ সালে তৎকালীন আওয়ামী লীগ সরকারের সময় চার দশমিক সাত বিলিয়ন বা ৪৭০ কোটি ডলারের ঋণচুক্তি সই করে বাংলাদেশ। ২০২৪ সালের আগস্টে আন্দোলনের মুখে আওয়ামী লীগ সরকারের পতনের পর প্রায় দেড় বছর দায়িত্ব পালন করে অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তীকালীন সরকার। ওই সময় ঋণের পরিমাণ আরও ৮০০ মিলিয়ন ডলার বাড়ানো হয়। তখন ঋণের পরিমাণ বেড়ে দাঁড়ায় সাড়ে পাঁচ বিলিয়ন ডলার। এই অর্থের মধ্যে এখন পর্যন্ত আইএমএফ বাংলাদেশকে ঋণ ছাড় করেছে তিন দশমিক ৬৪ বিলিয়ন বা ৩৬৪ কোটি ডলার।

গত ডিসেম্বরে ঋণের আরেক কিস্তি অর্থ পাওয়ার কথা ছিল বাংলাদেশের। কিন্তু তখন অন্তর্বর্তী সরকারের সময়ে ঋণের অর্থ ছাড় করেনি আইএমএফ। তারা চেয়েছিল ফেব্রুয়ারিতে নির্বাচন হলে নির্বাচিত সরকারের সাথে আলোচনা করেই এই অর্থ ছাড় করা হবে। গত ১২ ফেব্রুয়ারি জাতীয় নির্বাচনে জয়ের পর ১৭ ফেব্রুয়ারি সরকার গঠন করে বিএনপি। ওই বকেয়া কিস্তিসহ চলতি বছরের জুনের মধ্যে এক দশমিক তিন বিলিয়ন ডলার ঋণ আশা করেছিল বাংলাদেশ। তবে শুক্রবার ওয়াশিংটনে এক সংবাদ সম্মেলনে আইএমএফের এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের পরিচালক কৃষ্ণা শ্রীনিবাসন জানান, এ নিয়ে বাংলাদেশের সঙ্গে আলোচনা চলছে এবং পরবর্তীতে আপডেট জানানো হবে। ঋণ ছাড়ের বিষয়ে যে সিদ্ধান্ত হয়নি, সেটি বৈঠক শেষে জানিয়েছে বাংলাদেশের প্রতিনিধি দলও। একই দিন বৈঠক শেষে সাংবাদিকদের সাথে আলাপকালে বাংলাদেশের অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, "এখনো আমাদের আলোচনা চলছে। যে বিষয়গুলো এখনো মীমাংসা হয়নি, এগুলো আগামী দিনে আলোচনার মধ্যে আসবে। এটাই পরিষ্কার সিদ্ধান্ত।"

ঋণের কিস্তি পাওয়া নিয়ে সংকট কেন?

আইএমএফ-এর ঋণ সহযোগিতা পাওয়া নিয়ে যে অনিশ্চয়তা আছে, সেটা আইএমএফ ও বাংলাদেশ উভয়পক্ষের বক্তব্যে অন্তত স্পষ্ট। ঋণ চুক্তির আওতায় রাজস্বখাত সংস্কার, ব্যাংকখাত সংস্কার, বিদ্যুৎ ও জ্বালানিতে ভর্তুকি প্রত্যাহার, বাজারভিত্তিক বিনিময় হার নিশ্চিত করাসহ বেশ কিছু শর্ত ছিল। কিন্তু এমন অবস্থায় চলমান ঋণচুক্তির বাস্তবায়ন পরিস্থিতি রিভিউ (পর্যালোচনা) না করে ঋণের কিস্তি ছাড় করার ব্যাপারে তারা আগ্রহী নয় বলেও মনে করেন বিশ্লেষক। আইএমএফ বলছে, কাঙ্ক্ষিত সহযোগিতা পেতে সংস্কার কার্যক্রম এগিয়ে নিতে হবে বাংলাদেশকে। শুক্রবারের সংবাদ সম্মেলনে আইএমএফ-এর এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের পরিচালক কৃষ্ণা শ্রীনিবাসন বলেছেন, "বাংলাদেশের রাজস্ব আদায়ের হার বিশ্বের সর্বনিম্নের মধ্যে একটি এবং গত তিন বছরে তা আরও কমেছে।" তিনি আরও জানান, "আইএমএফ-এর ঋণ কর্মসূচিতে তিনটি বিষয় রয়েছে। তা হলো- রাজস্ব সংস্কার, আর্থিক খাত পুনরুদ্ধার এবং বিনিময় হার সংস্কার। এখনো তার প্রতিটিতেই কাজ বাকি রয়েছে।" তবে, এই বিষয়ে আর খোলাসা করে তিনি বলেননি। বাংলাদেশের অর্থনীতিবিদদের কেউ কেউ মনে করছেন, বাংলাদেশে গণ-অভ্যুত্থানের পর ব্যাংকিং ও আর্থিক খাতে যে সংস্কার উদ্যোগ নেওয়া হয়েছিল, সেটিও যেমন পূরণ হয়নি, সেই সাথে আইএমএফ-এর কাছে যে প্রতিশ্রুতি ছিল তার কিছুই বাস্তবায়ন হয়নি।

বিশ্বব্যাংক ঢাকা কার্যালয়ের সাবেক মুখ্য অর্থনীতিবিদ জাহিদ হোসেন বিবিসি বাংলাকে বলেছেন, জ্বালানি তেলের দাম সমন্বয়, রাজস্ব আদায়, কিংবা ব্যাংকিং খাতে সংস্কারের মতো বিষয়গুলোতে বর্তমান সরকারের ভূমিকা নিয়ে হয়ত কিছু প্রশ্ন রয়েছে আইএমএফ-এর। মি. হোসেন বলেন, "অন্তর্বর্তী সরকারের সময়ে জারি করা ব্যাংক রেজ্যুলেশন অধ্যাদেশে ব্যাংকের বিপর্যয়ের জন্য দায়ী ব্যক্তি বা গোষ্ঠী সব অর্থ ফেরত দিলেও মালিকানায় ফিরে আসার সুযোগ ছিল না। কিন্তু নতুন ব্যাংক রেজুলেশন আইনে' ১৮(ক) ধারা যুক্ত করে সেই অবস্থান বদলে দেওয়া হয়েছে।" জাতীয় সংসদের প্রথম অধিবেশনে এই ধারাটি যুক্ত করা হয়েছে। অর্থনীতিবিদ মি. হোসেন মনে করেন, ব্যাংক খাতে সংস্কারের আইএমএফ-এর যে-সব শর্ত ছিল, তার একটি ছিল এটি। ফলে এই ১৮-এর 'ক' ধারাটি যুক্ত করা হয়েছে। তিনি বলেন,

"এই রেজুলেশন, সংস্কার বা অধ্যাদেশ, এগুলো অন্তবর্তীকালীন সরকারের সময় বাংলাদেশ ব্যাংক একা করেনি। এর সাথে তখন বিশ্বব্যাংক, আইএমএফও জড়িত ছিল। পরবর্তী ঋণ ছাড়ের জন্য তো এটা গুরুত্বপূর্ণ ছিল। কিন্তু সেই সংস্কার তো টিকলো না।" ওয়াশিংটনে সংবাদ সম্মেলনে বৈশ্বিক জ্বালানি পরিস্থিতি ও বাংলাদেশের জন্য সংকটের বিষয়গুলোও গুরুত্ব দেন মি. শ্রীনিবাসন। অর্থনীতিবিদরা বলছেন, আইএমএফ-এর সাথে বাংলাদেশের ঋণ নিয়ে যে সমঝোতা ছিল, সেখানে গুরুত্বপূর্ণ একটা শর্ত ছিল বিদ্যুৎ খাতে ভর্তুকি কমানো। অন্যটা ছিল রাজস্ব আদায়। অর্থনীতিবিদ মি. হোসেন বিবিসি বাংলাকে বলেন, "কথা ছিল বিদ্যুতে ভর্তুকি কমানো হবে। সেটা তো করা হয়নি। তাদের আরেকটা ক্রাইটেরিয়া ছিল রেভিনিউ বা রাজস্ব আদায়, সেটিও অর্জিত হয়নি। সুতরাং এই জায়গাগুলোতে প্রগেস না হওয়াটা আরেকটা বড়ো কারণ।"

এখনো আশাবাদী বাংলাদেশ

ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসের প্রেস উইং একটি বিবৃতি পাঠিয়েছে গণমাধ্যমে। এই বিবৃতিতে বলা হয়েছে, আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) ঋণের পরবর্তী কিস্তি ছাড়ের বিষয়ে এখনো সিদ্ধান্ত হয়নি। বিজ্ঞপ্তিতে জানানো হয়, "বিশ্বব্যাংক-আইএমএফের বসন্তকালীন বৈঠকের ফাঁকে অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদল আইএমএফের সঙ্গে দুই দফা বৈঠক করেছে। বৈঠকে অর্থ ও পরিকল্পনামন্ত্রী বিএনপি সরকারের রাষ্ট্র পরিচালনার দৃষ্টিভঙ্গি ও নির্বাচনি প্রতিশ্রুতির বিষয়গুলো তুলে ধরেন। রাজস্ব আয় বৃদ্ধি ও ব্যাংক-আর্থিক খাতে সংস্কার নিয়ে আলোচনা হয়েছে। অধিকাংশ বিষয়ে দুই পক্ষ একমত হয়েছে।" এতে আরো বলা হয়, কিছু বিষয় নিয়ে আরও আলোচনা করতে উভয়পক্ষই একমত হয়েছে। আর কিছু ক্ষেত্রে দুইপক্ষ একমত হয়নি। ওয়াশিংটনের ওই বৈঠক শেষে অর্থমন্ত্রী সেখানে সাংবাদিকদের মুখোমুখি হন। এ নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, "এটা বুঝতে হবে, বিষয়গুলো একটা চলমান প্রক্রিয়া। এটা কোনো একদিনের সিদ্ধান্ত না বা এক ঘণ্টার সিদ্ধান্ত না। আলোচনা চলতেই থাকবে এবং আলোচনা যত যেতে থাকবে, এর মধ্যে একটা সমাধান হবে।"(বিবিসি ওয়েব পেজ : ১৮.০৪.২০২৬ আলী আহমেদ)

**হরমুজ প্রণালি আবার বন্ধ করেছে ইরানের সামরিক বাহিনী : রাষ্ট্রীয় গণমাধ্যম**

ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যমের বরাতে বলা হয়েছে, ইরানের সামরিক বাহিনী হরমুজ প্রণালির ওপর তাদের নিয়ন্ত্রণ পুনরায় প্রতিষ্ঠা করছে। ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর (আইআরজিসি)-এর সঙ্গে সংশ্লিষ্ট ফারস নিউজ এজেন্সি, ইরানিয়ান স্টুডেন্টস নিউজ এজেন্সি এবং রাষ্ট্রীয় সম্প্রচার সংস্থা আইআরআইবি- সবকটিই আইআরজিসি-এর এক বিবৃতি উদ্ধৃত করেছে। সেখানে বলা হয়েছে, প্রণালিটি "আগের অবস্থায়" ফিরে যাবে এবং ওই এলাকার নিয়ন্ত্রণ থাকবে সশস্ত্র বাহিনীর হাতে। এর আগে, আমরা দেখেছি, কিছু জাহাজ এই জলপথ দিয়ে যাতায়াত করেছে। তবে গুরুত্বপূর্ণ এই নৌপথ দিয়ে মোট কতটা সামুদ্রিক যান চলাচল করতে পেরেছে, তা স্পষ্ট নয়। আইআরজিসি-এর বিবৃতিতে যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে "জলদস্যুতার" অভিযোগ আনা হয়েছে। এতে বলা হয়েছে, তাদের "তথাকথিত অবরোধ" আসলে সমুদ্রপথে জবরদস্তি চালিয়ে দখলের শামিল। এর আগে, ইরান জানিয়েছিল, যুক্তরাষ্ট্র যদি তাদের বন্দরগুলোর ওপর অবরোধ চালু রাখে, তাহলে তারা হরমুজ প্রণালি বন্ধ করে দেবে।(বিবিসি ওয়েব পেজ: ১৮.০৪.২০২৬ এলিনা)

**ইরানে ৫০ দিন ধরে ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন**

ইন্টারনেট পর্যবেক্ষণকারী সংস্থা নেটব্লকস-এর তথ্য অনুযায়ী, ইরানে সরকার আরোপিত ডিজিটাল শাটডাউন ৫০তম দিনে গড়িয়েছে। এক্স-এ দেওয়া এক পোস্টে নেটব্লকস জানায়, সাত সপ্তাহ ধরে ইরান কার্যত বৈশ্বিক ইন্টারনেট থেকে বিচ্ছিন্ন রয়েছে এবং পরস্পরের সঙ্গে যুক্ত বর্তমান সমাজ ব্যবস্থায় এ ধরনের ব্ল্যাকআউট "নজিরবিহীন"। তবে বিবিসি অ্যারাবিক শুক্রবার জানায়, যোগাযোগ ব্যবস্থার ওপর আরোপিত বিধিনিষেধ ইরান সরকার শিথিল করতে শুরু করেছে বলে সংবাদ মাধ্যমের খবরে দাবি করা হয়েছে। প্রতিবেদনগুলোতে আরও বলা হয়েছে, ইন্টারনেট সেবাও

আংশিকভাবে পুনরুদ্ধার করা হয়েছে এবং প্রায় ৫০ দিনের বন্ধের পর গুগলের সেবাগুলো আবার ব্যবহার করা যাচ্ছে। তবে সেবাগুলো এখনো ঝামেলাহীন নয়। ইরানে ইন্টারনেটে সংযুক্ত থাকার জন্য সাধারণ নাগরিকদের বড়ো অঙ্কের খরচ বহন করতে হচ্ছে। এর মধ্যে রয়েছে- স্যাটেলাইট ইন্টারনেট, যেমন স্টারলিংক বা এল ধরনের সেবা ব্যবহারকারীরা। স্টারলিংকের মাধ্যমে ইন্টারনেট ব্যবহারের প্রতি গিগাবাইট ডেটার দাম প্রায় ছয় ডলার পর্যন্ত পৌঁছেছে, যা এমন একটি দেশের জন্য অত্যন্ত বেশি, যেখানে গড় মাসিক আয় ২০০ থেকে ৩০০ ডলারের মধ্যে বলে ধারণা করা হয়। ইরানে স্টারলিংক ব্যবহার করলে সর্বোচ্চ দুই বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে। যুদ্ধ শুরুর পর থেকে কর্তৃপক্ষ শত শত ডিভাইস জব্দ করেছে বলেও খবর পাওয়া যাচ্ছে।(বিবিসি ওয়েব পেজ: ১৮.০৪.২০২৬ এলিনা)

## ইরানি গানবোটের গুলির মুখে ট্যাংকার, বলছে ইউকেএমটিও

ইউকে মেরিটাইম ট্রেড অপারেশনস (ইউকেএমটিও) বলছে, হরমুজ প্রণালিতে থাকা একটি ট্যাংকার জানিয়েছে যে, ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর পরিচালিত দুটি গানবোট থেকে তাদের লক্ষ্য করে গুলি চালানো হয়েছে। ঘটনাটি ঘটেছে ওমানের উত্তর-পূর্বে ২০ নটিক্যাল মাইল দূরে। ইউকেএমটিও জানায়, ট্যাংকারটি ও এর নাবিকদের নিরাপদ অবস্থায় থাকার খবর পাওয়া গেছে। এদিকে, আলাদাভাবে, অন্তত দুটি বাণিজ্যিক জাহাজ জানিয়েছে যে, প্রণালি পার হওয়ার চেষ্টার সময় সেগুলো গুলিবিদ্ধ হয়েছে- বার্তা সংস্থা রয়টার্সকে এমন তথ্য জানিয়েছেন তিনটি সূত্র। (বিবিসি ওয়েব পেজ: ১৮.০৪.২০২৬ এলিনা)

## ইরানের সর্বোচ্চ নেতার বার্তায় 'শত্রুদের' জন্য সতর্কতা, তবে নেই হরমুজ প্রণালির কথা

ইরানের গণমাধ্যম আজ ইরানের সর্বোচ্চ নেতা মোজতবা খামেনির নামে প্রকাশিত সর্বশেষ লিখিত বার্তাটি প্রকাশ করেছে। ইরানে সেনা দিবস উপলক্ষ্যে দেওয়া ওই বার্তায় সম্প্রতি ইরানি কর্মকর্তাদের আলোচনায় থাকা দুইটি বিষয়- হরমুজ প্রণালি ও ইরান-যুক্তরাষ্ট্র আলোচনা সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়নি। বার্তার এক অংশে 'শত্রুদের' সতর্ক করে বলা হয়েছে, ইরানি সেনাবাহিনীর নৌ সেনারা তাদের 'নতুন পরাজয়ের তিক্ত স্বাদ' দিতে প্রস্তুত, এ বিষয়ে আর কোনো ব্যাখ্যা দেওয়া হয়নি। আগের উদাহরণগুলোর মতোই, এটি ছিল মোজতবা খামেনির একটি লিখিত বার্তা। মার্চের শুরুতে সর্বোচ্চ নেতা হওয়ার পর থেকে তাকে প্রকাশ্যে আর দেখা যায়নি।
(বিবিসি ওয়েব পেজ: ১৮.০৪.২০২৬ এলিনা)

## ওমানের কাছে 'অজ্ঞাত প্রজেক্টাইল'-এর শিকার কনটেইনার জাহাজ : ইউকেএমটিও

ইউকে মেরিটাইম ট্রেড অপারেশনস (ইউকেএমটিও) জানিয়েছে, ওমানের উত্তর-পূর্বে প্রায় ২৫ নটিক্যাল মাইল দূরে একটি ঘটনার বিষয়ে তারা নতুন তথ্য পেয়েছে। সংস্থাটি বলছে, একটি কনটেইনার জাহাজে একটি অজ্ঞাত বস্তু বা 'প্রজেক্টাইল' আঘাত হেনেছে, যার ফলে জাহাজটির কিছু কনটেইনার ক্ষতিগ্রস্ত হয়েছে। ইউকেএমটিও আরও জানিয়েছে, ঘটনাটি তদন্ত করে দেখছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।(বিবিসি ওয়েব পেজ: ১৮.০৪.২০২৬ এলিনা)

## লেবাননে গুলির মুখে পড়ার দাবি জাতিসংঘের টহল দলের, একজনের মৃত্যুর খবর

লেবাননের দক্ষিণাঞ্চলে আজ সকালে জাতিসংঘের অন্তর্বর্তীকালীন বাহিনী ইউনিফিলের ওপর হামলার খবর পাওয়া গেছে। এক বিবৃতিতে ইউনিফিল জানিয়েছে, দক্ষিণাঞ্চলের একটি সড়কে বিস্ফোরক সরানোর সময় তাদের একটি টহল দল "রাষ্ট্র বহির্ভূত সশস্ত্র পক্ষের হালকা অস্ত্রের গুলির মুখে পড়ে"। বাহিনীটি লেবানন সরকারের প্রতি আহ্বান জানিয়েছে, যেন তারা দ্রুত তদন্ত শুরু করে এবং সংঘটিত অপরাধের জন্য দায়ীদের শনাক্ত করে জবাবদিহির আওতায় আনে। লেবাননের প্রধানমন্ত্রী নওয়াফ সালাম বলেছেন, হামলার ঘটনায় তিনি 'তাৎক্ষণিক তদন্ত' শুরু করার নির্দেশ দিয়েছেন। তবে এই ঘটনায় কারা জড়িত ছিল, সে বিষয়ে সালাম কিছু বলেননি। এদিকে, ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রোঁ এক্সে পোস্ট করে জানিয়েছেন, লেবাননে ইউনিফিল মিশনে অংশ নেওয়া একজন ফরাসি সৈন্য আজ সকালে দেশটির দক্ষিণে নিহত হয়েছেন। তিনি বলেন, এই হামলায় আরও তিনজন সৈন্য আহত হন এবং তাদের উদ্ধার করা হয়। তিনি আরও যোগ করেন, প্রাপ্ত তথ্য থেকে ধারণা করা হচ্ছে যে হিজবুল্লাহ এই ঘটনার জন্য দায়ী। তিনি লেবাননের কর্তৃপক্ষকে অভিযুক্তদের অবিলম্বে গ্রেফতার করার দাবি জানান।
(বিবিসি ওয়েব পেজ: ১৮.০৪.২০২৬ এলিনা)

## যুদ্ধের শেষ পর্যন্ত হরমুজ প্রণালি নিয়ন্ত্রণে রাখার ব্যাপারে 'দৃঢ়প্রতিজ্ঞ' ইরান

ইরানের সর্বোচ্চ নিরাপত্তা সংস্থা সুপ্রিম ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিল দেশটির রাষ্ট্রীয় টেলিভিশনে জানিয়েছে, তেহরান "যুদ্ধের চূড়ান্ত অবসান এবং অঞ্চলে টেকসই শান্তি প্রতিষ্ঠা না হওয়া পর্যন্ত হরমুজ প্রণালি দিয়ে যাতায়াতের ওপর নজরদারি ও নিয়ন্ত্রণ কার্যকর রাখতে দৃঢ়প্রতিজ্ঞ"। বিবৃতিতে বলা হয়েছে, প্রণালি দিয়ে চলাচলকারী জাহাজগুলোর কাছ থেকে পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ, ট্রানজিট সনদ ইস্যু এবং সংশ্লিষ্ট সেবা ফি পরিশোধের বাধ্যবাধকতার মাধ্যমে এই ব্যবস্থা কার্যকর করা হবে।(বিবিসি ওয়েব পেজ: ১৮.০৪.২০২৬ এলিনা)

## ইরান যুক্তরাষ্ট্রকে 'ব্ল্যাকমেইল' করতে পারবে না : ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরানের সঙ্গে "খুব ভালো আলোচনা চলছে"। ইরানকে এমনভাবে আচরণ করছে বলে তিনি উল্লেখ করেন, যেভাবে তারা "৪৭ বছর ধরে একটু চালাকির সঙ্গে করে আসছে"। ওভাল অফিসে একটি নির্বাহী আদেশে স্বাক্ষরের সময় সাংবাদিকদের প্রশ্ন নেওয়ার আগে তিনি ইরান প্রসঙ্গে সংক্ষেপে কথা বলেন। ট্রাম্প আরও বলেন, ইরানি নেতারা হরমুজ প্রণালি বন্ধ করতে চান, কিন্তু যুক্তরাষ্ট্র তাদেরকে নিজেদের "ব্ল্যাকমেইল করতে দেবে না"। তিনি যোগ করেন, যুক্তরাষ্ট্র এ বিষয়ে কঠোর অবস্থান নিয়েছে। ইরান বিষয়ে "দিনের শেষে কিছু তথ্য পাওয়া যাবে"- উল্লেখ করেন তিনি। তবে এই সংঘাত নিয়ে কোনো সরাসরি প্রশ্নের উত্তর দেননি।
(বিবিসি ওয়েব পেজ: ১৮.০৪.২০২৬ এলিনা)

## ইরানি বন্দরগুলোতে যুক্তরাষ্ট্রের নৌ অবরোধ 'যুদ্ধবিরতির লঙ্ঘন' : ইরান

ইরানের সুপ্রিম ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিল (এসএনএসসি) থেকে আরও কিছু তথ্য পাওয়া গেছে। সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক বিবৃতিতে পরিষদটি বলেছে, "শত্রুপক্ষ যতদিন জাহাজ চলাচলে বিঘ্ন ঘটানোর এবং নৌ অবরোধ কার্যকর রাখার ইচ্ছা পোষণ করবে, ইরান এটিকে যুদ্ধবিরতির লঙ্ঘন হিসেবে বিবেচনা করবে এবং হরমুজ প্রণালির শর্তসাপেক্ষ ও সীমিতভাবে পুনরায় খোলার বিষয়টি প্রতিরোধ করবে।" যুদ্ধের অবসান ঘটাতে আলোচনার প্রসঙ্গে এসএনএসসি জানিয়েছে, যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে নতুন কিছু প্রস্তাব উত্থাপন করা হয়েছে, যেগুলো তেহরান "বর্তমানে পর্যালোচনা করছে এবং এখনো কোনো জবাব দেয়নি।" প্রসঙ্গত, ইরানের রাষ্ট্রীয় টেলিভিশনে এই সংস্থার বরাতে জানানো হয়েছে, তেহরান "যুদ্ধের চূড়ান্ত অবসান এবং অঞ্চলে টেকসই শান্তি প্রতিষ্ঠা না হওয়া পর্যন্ত হরমুজ প্রণালি দিয়ে যাতায়াতের ওপর নজরদারি ও নিয়ন্ত্রণ কার্যকর রাখতে দৃঢ়প্রতিজ্ঞ।"
(বিবিসি ওয়েব পেজ: ১৮.০৪.২০২৬ রনি)

## গাজা সিটির মতো লেবাননেও 'ইয়েলো লাইন' তৈরি করেছে ইসরায়েল

ইসরায়েলের প্রতিরক্ষা বাহিনী বা আইডিএফ জানিয়েছে, তারা দক্ষিণ লেবাননে একটি 'ইয়েলো লাইন' বা নিরাপত্তা সীমারেখা তৈরি করেছে। বৃহস্পতিবার রাতে হিজবুল্লাহ'র সাথে যুদ্ধবিরতি শুরুর পর এই প্রথম এই ধরনের সীমারেখা তৈরির কথা জানালো আইডিএফ। ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু ঘোষণা দেন, ১০ কিলোমিটার বা ৬.২ মাইল বিস্তৃত একটি 'নিরাপত্তা অঞ্চল' গড়ে তোলা হবে। এর আগে, গত বছর গাজায় যুদ্ধবিরতির পর ইসরায়েল একই ধরনের একটি সীমারেখা তৈরি করেছিল। শনিবার এক বিবৃতিতে আইডিএফ জানায়, যুদ্ধবিরতির শর্ত ভঙ্গ করে 'ইয়েলো লাইনের' উত্তরের দিক থেকে ইসরায়েলি বাহিনীর ওপর সন্ত্রাসী হামলা চালানো হয়। যে কারণে ইসরায়েলি বাহিনীও এর পাল্টা জবাব দিয়েছে। তবে এই হামলায় হতাহতের কোনো সংখ্যা এখনো জানা যায়নি। আইডিএফ আরও জানায়, যুদ্ধবিরতি চললেও ইসরায়েলি সেনারা কোনো ধরনের হুমকির মুখে পড়লে তারা প্রতিরক্ষামূলক চালাতে পারবে। তবে এ নিয়ে লেবানন সরকার বা হিজবুল্লাহর কোনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া পাওয়া যায়নি। গত বছর গাজায় যুদ্ধবিরতির পরও ইসরায়েলি সেনারা বহুবার ফিলিস্তিনিদের ওপর গুলি চালিয়েছে। ইসরায়েলি বাহিনী তখন অভিযোগ করেছিল, 'ইয়েলো লাইন' অতিক্রমের কারণেই হামলা চালানো হয়েছিল। এদিকে, চলতি বছরের শুরুতে এপি তাদের রিপোর্টে বলেছে, যুদ্ধবিরতি শুরুর পর তিন মাসে গাজায় ইসরায়েলি বাহিনীর গুলিতে ৭৭ জন নিহত হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ১৮.০৪.২০২৬ রনি)

ইরানের রাষ্ট্রদূতকে তলব করে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিবাদ

হরমুজ প্রণালিতে দুটি ভারতীয় পতাকাবাহী জাহাজে গুলির ঘটনায় ভারতে নিযুক্ত ইরানি রাষ্ট্রদূতকে তলব করেছে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়। ভারত সরকারের পক্ষ থেকে এই হামলার বিষয়ে প্রতিবাদ জানানো হয়েছে এবং সমুদ্রপথে ভারতীয় জাহাজের নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানানো হয়েছে। এর আগে, ইউকে মেরিটাইম ট্রেড অপারেশনস (ইউকেএমটিও) বলছে, হরমুজ প্রণালিতে থাকা একটি ট্যাংকার জানিয়েছে যে, ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর পরিচালিত দুটি গানবোট থেকে তাদের লক্ষ্য করে গুলি চালানো হয়েছে। ঘটনাটি ঘটেছে ওমানের উত্তর-পূর্বে ২০ নটিক্যাল মাইল দূরে। ইউকেএমটিও জানায়, ট্যাংকারটি ও এর নাবিকদের নিরাপদ অবস্থায় থাকার খবর পাওয়া গেছে। (বিবিসি ওয়েব পেজ : ১৮.০৪.২০২৬ আলী আহমেদ)

# এনএইচকে

## অস্ত্র নিয়ন্ত্রণে এনপিটি 'একমাত্র ভরসা' : পর্যালোচনা সম্মেলনের সভাপতি

পারমাণবিক অস্ত্র বিস্তার রোধ চুক্তি বা এনপিটি পর্যালোচনা সম্মেলনের সভাপতি, আসন্ন বৈঠকে আন্তর্জাতিক প্রতিনিধিদের একটি চুক্তিতে পৌঁছাতে উৎসাহিত করার দৃঢ় সংকল্প ব্যক্ত করেছেন। এনপিটির পক্ষগুলো, ২৭ এপ্রিল থেকে শুরু করে চার সপ্তাহ ধরে নিউইয়র্কে জাতিসংঘের সদর দপ্তরে চুক্তিটি পর্যালোচনা করতে চলেছে। পূর্ববর্তী দুটি পর্যালোচনা সম্মেলন, চূড়ান্ত দলিল গ্রহণ করতে ব্যর্থ হয়েছিল। আশঙ্কা করা হচ্ছে যে, এবারও যদি তারা এগুলো গ্রহণ না করে, তাহলে এনপিটি অর্থহীন হয়ে পড়তে পারে। জাতিসংঘে নিযুক্ত ভিয়েতনামের রাষ্ট্রদূত দো হুং ভিয়েত, এই সম্মেলনে সভাপতিত্ব করেন। শুক্রবার সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি, যুক্তরাষ্ট্র ও রাশিয়ার মধ্যে হওয়া পারমাণবিক অস্ত্র নিরস্ত্রীকরণ চুক্তির ফেব্রুয়ারিতে মেয়াদোত্তীর্ণ হওয়ার কথা উল্লেখ করেন। রাষ্ট্রদূত বলেন, ওই চুক্তি

মেয়াদোত্তীর্ণ হওয়ার ফলে "আমাদের জন্য কার্যত আর কোনো অস্ত্র নিয়ন্ত্রণ চুক্তি অবশিষ্ট নেই এবং এনপিটিই সম্ভবত আমাদের জন্য একমাত্র অবশিষ্ট ভরসা।" তিনি আরও বলেন যে, আসন্ন সম্মেলনটি যদি আবারও কোনো ফলাফলের দলিল ছাড়াই শেষ হয়, তবে তা এমন একটি প্রক্রিয়া শুরু করতে পারে, যা হয়ত নিয়ন্ত্রণ করা যাবে না এবং যা আন্তর্জাতিক সম্প্রদায়ের সম্মিলিত নিরাপত্তাকে বিপন্ন করতে পারে।(এনএইচকে ওয়েব পেজ: ১৮.০৪.২০২৬ রনি)

## ডয়চে ভেলে

### হামে আক্রান্ত আরও ৩৬ শিশু ময়মনসিংহ মেডিকেলে ভর্তি

ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের হাম আইসোলেশন ওয়ার্ডে গত ২৪ ঘণ্টায় হামের লক্ষণ নিয়ে নতুন করে ৩৬ শিশু ভর্তি হয়েছে। হাসপাতালটিতে বর্তমানে চিকিৎসাধীন রয়েছে ১১৭ শিশু। হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, শুক্রবার সকাল ৮টা থেকে শনিবার সকাল ৮টা পর্যন্ত ৩৬ শিশু ভর্তি হয়েছে। গত ১৭ মার্চ থেকে আজ সকাল পর্যন্ত হামের লক্ষণ নিয়ে মোট ৫৭৭ শিশু ভর্তি হয়েছে। এদের মধ্যে ৪৪৭ শিশু ছাড়া পেয়েছে এবং ১৩ জন মারা গেছে। গত ২৪ ঘণ্টায় আরও ১০ শিশু সুস্থ হয়ে বাড়ি ফিরেছে। চলতি বছরের ফেব্রুয়ারি থেকে হাসপাতালটিতে হামের রোগী ভর্তি হতে শুরু করে। মার্চের মাঝামাঝি থেকে সংখ্যা বাড়তে থাকে। রোগীদের চিকিৎসার জন্য হাসপাতালে ৬৪ শয্যাবিশিষ্ট পৃথক আইসোলেশন ওয়ার্ড রয়েছে। তিনটি মেডিকেল টিম চিকিৎসা দিচ্ছে। হাসপাতালের সহকারী পরিচালক (প্রশাসন) মোহাম্মদ মাইনউদ্দিন খান জানিয়েছেন, গত ২৪ ঘণ্টায় নতুন কোনো শিশুর মৃত্যু হয়নি।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৪.২০২৬ রুবাইয়া)

### বাংলাদেশে মোটরসাইকেলের জন্য 'ফুয়েল পাস' অ্যাপ চালু

জ্বালানি পেতে মোটরসাইকেল নিবন্ধনের জন্য 'ফুয়েল পাস' অ্যাপ সারা দেশে সাত জেলায় সম্প্রসারণ করা হয়েছে। শনিবার বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয় এ তথ্য জানিয়েছে। ঢাকা, চাঁদপুর, চট্টগ্রাম, বরিশাল, খুলনা, রাজশাহী ও ময়মনসিংহ জেলায় নিবন্ধিত মোটরসাইকেলগুলো এখন থেকে ফুয়েল পাস বিডি সিস্টেমে অন্তর্ভুক্ত হবে। এছাড়া, রাজধানীর আরও ১১টি ফিলিং স্টেশনে পাইলটিং কার্যক্রম সম্প্রসারণ করা হয়েছে। এর মধ্যে রয়েছে- শাপলা চত্বরের করিম অ্যান্ড সন্স, মহাখালীর ইউরেকো এন্টারপ্রাইজ, তেজগাঁও শিল্প এলাকার সততা অ্যান্ড কোম্পানি, উত্তরার সেবা গ্রিন ফিলিং স্টেশনসহ অন্যান্য স্টেশন। এ নিয়ে ঢাকায় মোট ১৮টি পাম্পে অ্যাপটি চালু হলো। দেশব্যাপী জ্বালানি সরবরাহ ব্যবস্থাকে স্বচ্ছ ও আধুনিক করতে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি) কিউআর কোডভিত্তিক এই অ্যাপ চালু করেছে। প্রাথমিকভাবে মোটরসাইকেল মালিক ও চালকদের জন্য উন্মুক্ত এই অ্যাপের মাধ্যমে নিবন্ধিত মোটরসাইকেলগুলো জ্বালানি নিতে পারবে। সফল পাইলটিং শেষে পর্যায়ক্রমে অ্যাপটি দেশের সব ধরনের যানবাহনের জন্য চালু করা হবে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৪.২০২৬ রুবাইয়া)

### আবারও হরমুজ প্রণালি বন্ধ করল ইরান

হরমুজ প্রণালি খোলা রাখার সিদ্ধান্ত প্রত্যাহার করে নিয়েছে ইরান। দেশটির বন্দরগুলোতে মার্কিন অবরোধ উঠিয়ে না নেওয়া পর্যন্ত এই জলপথ বন্ধ থাকবে বলে জানায় দেশটি। শনিবার ইরানের সামরিক বাহিনীর বরাত দিয়ে দেশটির গণমাধ্যমগুলোতে এই তথ্য জানানো হয়। তার আগে, শুক্রবার প্রণালিটি খুলে দেওয়ার পর মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেন, পারমাণবিক কর্মসূচিসহ চুক্তি না হওয়া পর্যন্ত অবরোধ 'পূর্ণ শক্তিতে' বলবৎ থাকবে। উল্লেখ্য, ইরানের পাশ দিয়ে যাওয়া হরমুজ প্রণালি দিয়ে বিশ্বের এক-পঞ্চমাংশ তেল পরিবহণ হয়ে থাকে। ইরানের আইনপ্রণেতা বলেছেন, এই প্রণালি দিয়ে শুধুমাত্র রেভল্যুশনারি গার্ড অনুমোদিত জাহাজ যেতে পারবে এবং 'টোল' প্রদান করতে হবে। যদিও ইরানের এই পদক্ষেপ সম্পূর্ণ প্রত্যাখ্যান করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এদিকে, পাকিস্তানের কর্মকর্তারা বলছেন, ২২ এপ্রিল যুদ্ধবিরতির সময়সীমা শেষ হওয়ার আগেই মার্কিন-ইরান চুক্তি অনেকটা কাছাকাছি পৌঁছাতে পারে। পাকিস্তান রাজধানী ইসলামাবাদে আগামী সপ্তাহে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে দ্বিতীয় দফা আলোচনার অনুষ্ঠিত হতে পারে বলে ধারণা করা হচ্ছে। উল্লেখ্য, কয়েক সপ্তাহ ধরে চলা যুক্তরাষ্ট্র-ইসরায়েল-ইরান যুদ্ধে ইরানে তিন হাজার, লেবাননে দুই হাজার ৩০০, ইসরায়েলে ২৩ এবং উপসাগরীয় রাষ্ট্রগুলোতে এক ডজনেরও বেশি মানুষ নিহত হয়েছেন। যুদ্ধে ১৩ মার্কিন সেনা সদস্যও মারা গেছেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৪.২০২৬ রুবাইয়া)

## রেডিও টুডে

### সময়মতো হামের টিকা না দিয়ে ক্ষমাহীন অপরাধ করেছে বিগত দুই সরকারই : প্রধানমন্ত্রী

বিগত দুই সরকারের সময় ঠিকমতো হামের টিকা না দেওয়া ক্ষমাহীন অপরাধ হয়েছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সম্মেলনে যোগ দিয়ে এই মন্তব্য করেন তিনি। প্রধানমন্ত্রী জানান, বিগত দুই সরকারের গাফিলতিতে হাম ছড়িয়ে পড়ে এবং বহু শিশুর মৃত্যু হয়। সময়মতো হামের টিকা না দিয়ে ক্ষমাহীন অপরাধ করেছে দুই সরকারই। বর্তমান সরকারের ঐকান্তিক প্রচেষ্টায় হামের প্রাদুর্ভাব থেকে বহু শিশুর জীবন রক্ষা করা সম্ভব হয়েছে। তিনি বলেন, "এই সম্মেলন শুধু আনুষ্ঠানিক আয়োজন নয়, এটি স্বাস্থ্যখাত উন্নয়নের একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তারা দেশের স্বাস্থ্য ব্যবস্থার মূল চালিকাশক্তি।" তারেক রহমান বলেন, "স্বাস্থ্যসেবাকে

মৌলিক অধিকার হিসেবে নিশ্চিত করার প্রচেষ্টা থাকবে। এ লক্ষ্যে 'প্রিভেনশন ইজ বেটার দেন কিউর' নীতিতে এগিয়ে যাবো আমরা।" স্বাস্থ্যকর্মীদের মর্যাদা, নিরাপত্তা ও জীবনমান উন্নয়নের অঙ্গীকার করে সরকার প্রধান বলেন, "এক লাখ নতুন স্বাস্থ্যকর্মী নিয়োগের পরিকল্পনা রয়েছে, যার ৮০ শতাংশ নারী থাকবে।" মানবিক, জবাবদিহিমূলক ও কার্যকর স্বাস্থ্যব্যবস্থা গড়ে তোলার আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, "দেশের স্বাস্থ্যসেবা যুক্তরাজ্যের ন্যাশনাল হেলথ সার্ভিস মডেলে সাজানোর পরিকল্পনা রয়েছে। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাদের চলাচলের জন্য গাড়ির তেল ও চালকের ব্যবস্থা করা হবে। তবে এজন্য আন্তর্জাতিক সমস্যা শেষ হওয়ার অপেক্ষায় আছে সরকার।" উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাদের নিরাপত্তা নিশ্চিতে সরকার ব্যবস্থা নেবে বলেও জানান সরকার প্রধান।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ আসাদ)

## উপজেলা স্বাস্থ্যসেবার মানোন্নয়ন ও বিকেন্দ্রীকরণে সরকার বদ্ধপরিকর : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, উপজেলা স্বাস্থ্যসেবার মানোন্নয়ন ও বিকেন্দ্রীকরণে সরকার বদ্ধপরিকর। তিনি বলেছেন, "বর্তমানে বিশেষজ্ঞ চিকিৎসক এবং উন্নত ল্যাব প্রায় সবকিছুই ঢাকাকেন্দ্রিক। এই বাস্তবতা থেকে বেরিয়ে এসে জেলা ও উপজেলাভিত্তিক হাসপাতালগুলোর মাধ্যমে উন্নত চিকিৎসা সেবা নিশ্চিত করতে সরকার কাজ করছে। শহর ও গ্রামাঞ্চলের স্বাস্থ্যসেবার বৈষম্য দূর করে সেবার বিকেন্দ্রীকরণ বর্তমান সরকারের অন্যতম অগ্রাধিকার। যদিও কাজটি একমাস বা এক বছরে বাস্তবায়ন সম্ভব নয়, তবুও সরকার ধাপে ধাপে এটি অর্জনের পথে রয়েছে।" আজ শনিবার ওসমানী স্মৃতি মিলনায়তনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় আয়োজিত 'উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সম্মেলন-২০২৬'-এ প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। অনুষ্ঠানে উপস্থিত সকল চিকিৎসক ও কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, "চিকিৎসা পেশার গুরুত্ব যে-কোনো পেশার চেয়ে বেশি এবং বর্তমান সরকার সুস্বাস্থ্যের বাংলাদেশ গড়ার লক্ষ্যে দৃঢ়প্রতিজ্ঞ।" তিনি বলেন, "চিকিৎসকগণ রোগে-শোকে কাতর মানুষের পরম বন্ধু এবং বিপদের প্রকৃত সঙ্গী। একজন চিকিৎসকের উপদেশ ও আন্তরিক ব্যবহার অনেক ক্ষেত্রে ঔষধের চেয়েও বেশি কার্যকর ভূমিকা পালন করে। তাই পেশাগত উৎকর্ষের পাশাপাশি, মানবিক মানুষ হিসেবে গড়ে ওঠা চিকিৎসকদের জন্য অত্যন্ত জরুরি।" (রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ আসাদ)

## ইউএইচএফপিও সম্মেলনে যোগ দিলেন প্রধানমন্ত্রী

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইউএইচএফপিওদের নিয়ে আয়োজিত সম্মেলনে যোগ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। আজ শনিবার বেলা ১১টার দিকে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় আয়োজিত এ সম্মেলনে তিনি অংশ নেন। স্বাস্থ্যসেবাকে জনগণের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষ্যে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাদের কার্যক্রমকে আরও যুগোপযোগী করা, সার্বিক কার্যক্রম সম্পর্কে অবহিত করা এবং সরকারের নির্দেশনা সকল ডাক্তারদের পৌঁছে দিতে এ সম্মেলনের আয়োজন করা হয়েছে। সম্মেলনে স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মোহাম্মদ কামরুজ্জামান চৌধুরী, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. প্রভাতচন্দ্র বিশ্বাস, স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন ও স্বাস্থ্য প্রতিমন্ত্রী ড. এম এ মুহিতসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত রয়েছেন। এ সময় শ্রেষ্ঠ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগে কর্মরত জরুরি সেবা ক্যাটাগরিতে মনোনীত ৬ জন চিকিৎসককে ক্রেস্ট প্রদান করেন প্রধানমন্ত্রী। ক্রেস্ট প্রাপ্ত ডাক্তাররা হলেন- ডাক্তার শোভন কুমার, আল মোরশেদ, মুজিবুর রহমান, সাজিদ হাসান, সুমন ক্লান্তি সাহা ও তাসনিম জুবায়ের। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাদের সঙ্গে এটিই প্রধানমন্ত্রীর প্রথম বৈঠক।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ আসাদ)

## আইএমএফের ঋণ স্থগিত খবর নাকচ করল সরকার

বিশ্বব্যাংক-আইএমএফের স্প্রিং মিটিং-এর সাইডলাইনে অনুষ্ঠিত বৈঠকের পর আন্তর্জাতিক মুদ্রা তহবিল আইএমএফ বাংলাদেশের ঋণের পরবর্তী কিস্তি স্থগিত করেছে। শুক্রবার গণমাধ্যমে আসা এই খবরকে নাকচ করে দিয়েছে সরকার। ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসের প্রেস উইং থেকে দেওয়া এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়। বিবৃতিতে বলা হয়, শুক্রবার অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধি দল আইএমএফ কর্মকর্তাদের সঙ্গে দুটি বৈঠক করেছেন। জানা যায়, এদিন সকালে প্রথম বৈঠকটি আইএমএফের এশিয়া ও প্যাসিফিক বিভাগের পরিচালক কৃষ্ণা শ্রীনিবাসন ও তার দলের সঙ্গে অনুষ্ঠিত হয়। একই দিন বিকেলে আইএমএফের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর নাইজেল ক্লার্ক ও তার টিমের সঙ্গে দ্বিতীয় বৈঠকটি অনুষ্ঠিত হয়। বিবৃতিতে বলা হয়, সংস্কার বাস্তবায়নে ব্যর্থতার কারণ দেখিয়ে আইএমএফ ঋণের পরবর্তী কিস্তি স্থগিত করেছে বলে গণমাধ্যমে যে খবরটি প্রকাশিত হয়েছে, তা 'সম্পূর্ণ অসত্য'। বিবৃতিতে আরও স্পষ্ট করা হয় যে, এ ধরনের কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি। এমনকি আগের দিন আইএমএফের সঙ্গে বাংলাদেশের কোনো বৈঠকই অনুষ্ঠিত হয়নি বলে দাবি করা হয় প্রতিবেদনে। এতে বলা হয়, বৈঠকগুলোতেও এ ধরনের কোনো আলোচনা বা সিদ্ধান্ত হয়নি। বরং আলোচনাগুলো অত্যন্ত 'ইতিবাচক ও প্রাণবন্ত' পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। জানা যায়, বৈঠক চলাকালে নবনির্বাচিত সরকারের নীতিগত দিক-নির্দেশনা এবং বাংলাদেশ জাতীয়তাবাদী দলের প্রধান নির্বাচনি প্রতিশ্রুতিগুলো তুলে ধরেন অর্থমন্ত্রী। এসময় রাজস্ব আদায় বৃদ্ধি

এবং ব্যাংক ও আর্থিক খাতের সংস্কার নিয়ে আলোচনা করেন উভয়পক্ষ। অধিকাংশ বিষয়ে উভয়পক্ষ একমত হলেও কিছু ক্ষেত্রে আরও আলোচনার প্রয়োজনীয়তা চিহ্নিত করা হয়েছে। মন্ত্রী, বিশেষ করে জনস্বার্থের ওপর সরাসরি প্রভাব ফেলে এমন বিষয়গুলোতে সরকারের দৃঢ় অবস্থানের কথা পুনর্ব্যক্ত করেন। বিবৃতিতে উল্লেখ করা হয়, উভয়পক্ষই একমত হয়েছে যে, আলোচনা অব্যাহত থাকবে এবং সংলাপের মাধ্যমে অমীমাংসিত বিষয়গুলো সমাধান করা সম্ভব হবে। এদিকে কিছু বিষয়ে মতভিন্নতা থাকলেও, ধারাবাহিক আলোচনার মাধ্যমে ঐকমত্যে পৌঁছানোর ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেছেন উভয় পক্ষই। (রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ আসাদ)

## ফুয়েল পাস 'অ্যাপ' নিয়ে সুখবর দিল জ্বালানি মন্ত্রণালয়

ফুয়েল পাস বিডি অ্যাপের পাইলটিং কার্যক্রমের বিস্তৃতি ঘটানোর লক্ষ্যে মোটরসাইকেল রেজিস্ট্রেশনের জন্য ঢাকা জেলা ছাড়াও আরও কয়েকটি জেলা উন্মুক্ত করা হয়েছে বলে জানিয়েছে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়। শনিবার এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় মন্ত্রণালয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, ঢাকা, ঢাকা মেট্রো, চাঁদপুর, চট্টগ্রাম, চট্টগ্রাম মেট্রো, বরিশাল, বরিশাল মেট্রো, খুলনা, খুলনা মেট্রো, রাজশাহী, রাজশাহী মেট্রো ও ময়মনসিংহ জেলাগুলোতে নিবন্ধিত মোটরসাইকেলগুলো এখন থেকে ফুয়েল পাস বিডি সিস্টেমে নিবন্ধনের আওতায় অন্তর্ভুক্ত হবে। অপরদিকে, ঢাকা জেলায় আজ থেকে ১৮টি পেট্রোল পাম্পে পাইলটিং কার্যক্রমের বিস্তার করা হচ্ছে। পর্যায়ক্রমে এ কার্যক্রম সারা দেশের অন্যান্য জেলাতেও উন্মুক্ত করা হবে বলেও জানিয়েছে মন্ত্রণালয়। এর আগে, গত ৯ এপ্রিল জ্বালানি বিভাগ জানিয়েছিল, দেশব্যাপী জ্বালানি সরবরাহ ব্যবস্থাকে আরও স্বচ্ছ ও আধুনিক করতে এবং ফিলিং স্টেশনগুলোতে শৃঙ্খলা আনতে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন বিপিসি কিউআর কোড ভিত্তিক 'ফুয়েল পাস' নামে একটি অ্যাপ পরীক্ষামূলকভাবে চালু করেছে। অ্যাপটি প্রাথমিকভাবে মোটরসাইকেল মালিক বা চালকদের ব্যবহারের জন্য উন্মুক্ত করে পাইলটিং করা হচ্ছে। সফল পাইলটিংয়ের পর পর্যায়ক্রমে 'ফুয়েল পাস' অ্যাপটি সারা দেশের সব যানবাহনের জন্য উন্মুক্ত করা হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ আসাদ)

## বাংলাদেশের প্রথম হজ ফ্লাইট সৌদি আরব পৌঁছেছে

বাংলাদেশের প্রথম হজ ফ্লাইট সৌদি আরব পৌঁছেছে। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি ৩০০১ ফ্লাইটটি সৌদি আরবের স্থানীয় সময় ভোর ৪টা ২০ মিনিটে জেদ্দার কিং আবদুল আজিজ আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। ফ্লাইটে হজযাত্রী ছিল মোট ৪১৯ জন। ধর্ম মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিমানবন্দরে বাংলাদেশি হজযাত্রীদেরকে অভ্যর্থনা জানান সৌদি আরবে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মো. দেলওয়ার হোসেন ও কাউন্সিলর মো. কামরুল ইসলাম। এসময় হজযাত্রীদের ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয় এবং তাদের হাতে রিফ্রেশমেন্ট কিট তুলে দেওয়া হয়। আরও উপস্থিত ছিলেন জেদ্দায় বাংলাদেশ কনসুলেটের কনসাল জেনারেল মো. সাখাওয়াত হোসেন, সহকারী মৌসুমি হজ অফিসার মো. রুহুল আমিন, জেদ্দা হজ টার্মিনালের হেড অব অপারেশন ইহাহিয়া রাদি এবং হাজিদের অভ্যর্থনায় নিয়োজিত সৌদি প্রতিষ্ঠান নুসুক মারহাবার ম্যানেজার রায়েদ বাকশাউন। উল্লেখ্য, গতকাল রাত সাড়ে ১১টায় প্রধানমন্ত্রী তারেক রহমান হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে হজ ফ্লাইট-২০২৬ এর উদ্বোধন করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ আসাদ)

## এবারও হরমুজ পাড়ি দিতে পারল না 'বাংলার জয়যাত্রা'

হরমুজ প্রণালি দিয়ে যাত্রা শুরুর পরও আবারও বাধার মুখে পড়েছে বাংলাদেশ শিপিং করপোরেশনের জাহাজ বাংলার জয়যাত্রা। ইরানি বাহিনীর নির্দেশে প্রণালিতে প্রবেশের পর জাহাজটির অগ্রযাত্রা থামিয়ে দেওয়া হয়েছে। শুক্রবার বিকেলে ইরান হরমুজ প্রণালি বাণিজ্যিক জাহাজ চলাচলের জন্য উন্মুক্ত ঘোষণা দিলে, রাত ৯টার দিকে সংযুক্ত আরব আমিরাতের শারজাহ বন্দরের কাছ থেকে নোঙর তুলে ফুজাইরার উদ্দেশ্যে রওয়ানা দেয় জাহাজটি। তবে কয়েক ঘণ্টার মধ্যেই তা থামিয়ে দেওয়া হয়। জানা যায়, অন্যান্য বাণিজ্যিক জাহাজের মতোই ইসলামী বিপ্লবী গার্ড বাহিনীর অনুমতি ছাড়াই প্রণালি অতিক্রমের চেষ্টা করে বাংলার জয়যাত্রা। রাত ১১টা ৫০ মিনিটের দিকে জাহাজটি হরমুজ প্রণালিতে প্রবেশ করে। কিন্তু রাত সাড়ে ১২টার দিকে ইরানি নৌবাহিনী রেডিও বার্তার মাধ্যমে সব জাহাজকে ইঞ্জিন বন্ধ করার নির্দেশ দেয় এবং জানায়, আইআরজিসির অনুমতি ছাড়া কেউ প্রণালি অতিক্রম করতে পারবে না।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ আসাদ)

## হামে আক্রান্ত শিশুদের দেখতে শিশু হাসপাতালে জামায়াত আমির

হামে আক্রান্ত শিশুদের দেখতে রাজধানীর শ্যামলীতে অবস্থিত শিশু হাসপাতালে গেছেন বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। আজ শনিবার সকাল ১১টায় তিনি শিশুদের দেখতে যান। এসময় বিরোধীদলীয় নেতা হাসপাতালের ম্যানেজমেন্ট কমিটি ও পরিচালকসহ চিকিৎসকদের সঙ্গে মতবিনিময় সভায় মিলিত হন। তিনি হাসপাতালের বিভিন্ন সমস্যা ও চিকিৎসার সার্বিক বিষয়ে জানতে চান এবং সমস্যাগুলো শোনেন। পরে জামায়াত আমির হাসপাতালের পরিদর্শন বইতে স্বাক্ষর করেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ আসাদ)

## মেলায় যাওয়ার কথা বলে বের হওয়া দুই ভাইয়ের লাশ মিললো লেকে

নারায়ণগঞ্জ শহরের মেলায় ঘুরতে গিয়ে সিটি পার্ক লেকের পানিতে ডুবে আল আমিন ও ইব্রাহিম নামের দুই ভাইয়ের মৃত্যু হয়েছে। শুক্রবার রাত সাড়ে ১২টার দিকে জল্লারপাড় এলাকার ওই লেক থেকে তাদের লাশ উদ্ধার করা হয়। তারা সিরাজগঞ্জ জেলার দত্তকান্দি গ্রামের রিকশাচালক শাহ আলমের ছেলে। তারা নারায়ণগঞ্জের কাশিপুর খিলমার্কেট এলাকায় ভাড়া বাসায় থাকতো। স্থানীয় সূত্রে জানা গেছে, শুক্রবার বিকেলে দুই ভাই লেকের সামনে মেলায় যাওয়ার কথা বলে বাসা থেকে বের হয়ে আর বাড়ি ফেরেনি। সন্ধ্যার পর থেকে পরিবারের সদস্যরা তাদের খোঁজাখুঁজি শুরু করেন। পরে লেকের পাড়ে তাদের পাঞ্জাবি ও জুতা দেখতে পেয়ে সন্দেহ হয়। এ সময় স্থানীয়রা দ্রুত পানিতে নেমে খোঁজাখুঁজি করে প্রথমে আল আমিন ও পরে ইব্রাহিমের নিথর দেহ উদ্ধার করে সদর জেনারেল হাসপাতালে নিলে কতর্ব্যরত চিকিৎসক তাদের মৃত ঘোষণা করেন। পার্ক এলাকার স্থানীয় এক বাসিন্দা জানান, বিকেলে বাড়ি থেকে বের হওয়ার পর রাত পর্যন্ত না ফেরায় স্বজনরা লেকের পাড়ে এসে কান্নাকাটি করছিলেন। পরে এলাকাবাসী পানিতে নেমে খোঁজাখুঁজির পর দুই শিশুকে উদ্ধার করে হাসপাতালে নেওয়া হয়। এ বিষয়ে নারায়ণগঞ্জ সদর মডেল থানার ওসি আব্দুল মান্নান বলেন, খবর পেয়ে পুলিশ গিয়ে মরদেহ দুটি উদ্ধার করেছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, লেকের পানিতে গোসল করতে গিয়ে দুই শিশুর মৃত্যু হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ আসাদ)

## দেশের ছয় জেলায় বজ্রপাতে একদিনে ১২ জনের প্রাণহানি

দেশের ছয় জেলায় বজ্রপাতে একদিনে ১২ জনের প্রাণহানি হয়েছে। এতে আহত হয়েছেন আরও অন্তত ১২ জন। এর মধ্যে সুনামগঞ্জে সবচেয়ে বেশি মানুষের প্রাণ গিয়েছে। সেখানে চার উপজেলায় পাঁচজন মারা গেছেন। এদের মধ্যে অধিকাংশই শনিবার দুপুরে হাওরে ধান কাটার সময় প্রাণ হারিয়েছেন। এ ছাড়া, ময়মনসিংহ ও রংপুরে দুইজন করে এবং নেত্রকোণা, হবিগঞ্জ ও কিশোরগঞ্জে একজন করে বজ্রপাতে নিহত হয়েছেন।

**সুনামগঞ্জে ৫ জনের মৃত্যু**

সুনামগঞ্জে কালবৈশাখি ঝড়ের সময় পৃথক স্থানে বজ্রপাতে শিক্ষার্থীসহ ৫ জনের মৃত্যু হয়েছে। শনিবার দুপুরে জেলার ধর্মপাশা, তাহিরপুর, জামালগঞ্জ ও দিরাই উপজেলার হাওর এলাকায় এ ঘটনা ঘটে। এতে আরও অন্তত ৪ জন আহত হয়েছেন। স্ব-স্ব থানা-পুলিশ আহত ও নিহতের বিষয়টি নিশ্চিত করেছেন।

**ময়মনসিংহে বজ্রপাতে দুইজনের মৃত্যু**

শনিবার দুপুর ২টার দিকে গৌরীপুর ও গফরগাঁও উপজেলায় বজ্রপাতে দুজনের মৃত্যু হয় বলে পুলিশ জানিয়েছে।

**রংপুরে বিলে মাছ ধরতে গিয়ে ২ জেলের মৃত্যু**

রংপুরের মিঠাপুকুরে বিলে মাছ ধরতে গিয়ে ২ জেলের মৃত্যু হয়েছে। এ সময় আহত হয়েছেন অন্তত দশজন। মিঠাপুকুর থানার ওসি নুরুজ্জামান জানান, উপজেলার বড়ো হযরতপুর এলাকার সখিপুরে শনিবার বেলা ১২টার দিকে এ ঘটনা ঘটে।

**নেত্রকোণায় বজ্রপাতে কৃষকের মৃত্যু**

আটপাড়া উপজেলার সুখারী ইউনিয়নের হাতিয়া গ্রামের সামনের মেষির হাওরে বজ্রপাতে এক কৃষক মারা গেছেন। নিহত আলতু মিয়া একই গ্রামের মৃত লাল মিয়ার ছেলে।

**কিশোরগঞ্জে বজ্রপাতে শ্রমিকের মৃত্যু**

করিমগঞ্জ উপজেলার বড়ো হাওরে ধান কাটার সময় বজ্রপাতে এক শ্রমিক মারা গেছেন। করিমগঞ্জ থানার ওসি এমরানুল করিম বলেন, শনিবার দুপুরে এ দুর্ঘটনা ঘটে। নিহত হেলাল মিয়া উপজেলার কলাবাতা গ্রামের বাসিন্দা।

**হবিগঞ্জে কৃষকের মৃত্যু**

নবীগঞ্জ উপজেলায় বড়ো ভাকৈর ইউনিয়নের বিবিয়ানা নদীর তীরবর্তী মমিনা হাওরে ধান কাটতে গিয়ে বজ্রপাতে এক কৃষকের মৃত্যু হয়েছে। নবীগঞ্জ থানার ওসি মো. মোনায়েম মিয়া বলেন, নিহত সুনাম উদ্দিন উপজেলার রামপুর গ্রামের মৃত সুন্দর আলীর ছেলে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ আসাদ)

## জ্বালানি মজুত করে কৃত্রিম সংকট তৈরির প্রমাণ রয়েছে সরকারের হাতে : শেখ রবিউল আলম

কিছু অসাধু মহল জ্বালানি মজুত করে কৃত্রিম সংকট তৈরির অপচেষ্টা চালাচ্ছে- এমন প্রমাণ সরকারের হাতে রয়েছে বলে জানিয়েছেন সড়ক, রেল ও নৌ পরিবহণ মন্ত্রী শেখ রবিউল আলম। শনিবার সকালে চট্টগ্রামের ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউটের ২৮তম ব্যাচের প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠান শেষে সাংবাদিকদের এসব কথা জানান তিনি। সড়কমন্ত্রী বলেন, দেশের পাম্পগুলোতে প্রয়োজন অনুযায়ী জ্বালানি সরবরাহ করা হয়েছে। ঘাটতির কোনো বাস্তব কারণ নেই। তিনি আরও বলেন, “জ্বালানি খাতে বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবিলায় সরকার বাস্তবভিত্তিক ও কার্যকর পদক্ষেপ নিচ্ছে। বৈশ্বিক পরিস্থিতি সত্ত্বেও দেশের জ্বালানি সরবরাহ স্বাভাবিক রাখতে সংশ্লিষ্ট সব সংস্থা সমন্বিতভাবে কাজ করছে।” এছাড়া হরমুজ প্রণালিতে থাকা ‘বাংলার জয়যাত্রা’ জাহাজ নিয়ে মন্ত্রী বলেন, ‘সমুদ্রগামী জাহাজ বাংলার জয়যাত্রার নাবিকেরা নিরাপদে রয়েছেন। জাহাজটির ৩৫ জন নাবিক সুস্থ আছেন এবং তারা দ্রুততম সময়ের মধ্যেই দেশে ফিরে আসবেন বলে আশা করছি।” (রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ আসাদ)

## নিজের মাথায় গুলি চালিয়ে পুলিশ সদস্যের আত্মহত্যা

খুলনায় কর্তব্যরত অবস্থায় চাইনিজ রাইফেল নিজের মাথায় ঠেকিয়ে গুলি করেছেন এক পুলিশ কনস্টেবল। সঙ্গে সঙ্গে তিনি মারা যান। শনিবার ভোর সাড়ে ৪টার দিকে খুলনা রেলওয়ে পুলিশ লাইনে অস্ত্রাগার এলাকায় দায়িত্ব পালনকালে এ ঘটনা ঘটে। নিহত কনস্টেবলের নাম সম্রাট বিশ্বাস। খুলনা রেলওয়ে পুলিশ সুপার আহমেদ মাইনুল হাসান বলেন, নিহত কনস্টেবল গোপালগঞ্জ জেলার কাশিয়ানি উপজেলার পদ্মবিলার বাসিন্দা শৈলেন বিশ্বাসের ছেলে। তিনি গত বছরের ৩ নভেম্বর খুলনা রেলওয়ে পুলিশ লাইনে যোগদান করেন। তিনি বলেন, তার আচার-আচরণ ভালো ছিল। গত রাতে তার ডিউটি ছিল। ভোর সাড়ে ৪টার দিকে তার ব্যবহৃত চাইনিজ রাইফেল মাথায় ঠেকিয়ে গুলি করে আত্মহত্যা করেন। পরিবারের সদস্যদের খবর দেওয়া হয়েছে। বিষয়টি তদন্ত করা হচ্ছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ আসাদ)

## রবিবার খুলছে সুপ্রিম কোর্ট

দীর্ঘ অবকাশকালীন ছুটি শেষে আগামীকাল রবিবার থেকে সুপ্রিম কোর্টের আপিল ও হাইকোর্ট বিভাগে নিয়মিত বিচারিক কার্যক্রম শুরু হবে। এদিন সকাল ৯টায় প্রধান বিচারপতির নেতৃত্বাধীন পাঁচ বিচারপতির আপিল বিভাগে নিয়মিত বিচারিক কার্যক্রম শুরু হবে। অন্যদিকে হাইকোর্টের বিচারিক কার্যক্রম সকাল সাড়ে ১০টা থেকে শুরু হবে। ইতোমধ্যে প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী হাইকোর্টের ৬৩টি বেঞ্চ গঠন করে দিয়েছেন। যেখানে ২৯টি একক বেঞ্চ ও ৩৪টি দ্বৈত বেঞ্চ রয়েছে। ২০২৬ সালের ৮৪ নম্বর বেঞ্চ গঠন বিধিতে বলা হয়েছে, আগামী ১৯ এপ্রিল সকাল ১০টা ৩০ মিনিট হতে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য বেঞ্চসমূহ গঠন করা হলো।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ আসাদ)

## ভারত থেকে এলো আরও ৫ হাজার মেট্রিক টন ডিজেল

বাংলাদেশ-ভারত মৈত্রী পাইপলাইনের মাধ্যমে আরও ৫ হাজার মেট্রিক টন ডিজেল আমদানি করা হয়েছে। আজ শনিবার বিকেল পৌনে ৬টার দিকে ভারত থেকে আসা এ ডিজেল পদ্মা অয়েল পিএলসির পার্বতীপুর ডিপোতে পৌঁছেছে। মেঘনা পেট্রোলিয়াম লিমিটেডের ব্যবস্থাপক কাজী মো. রবিউল আলম এ তথ্য জানিয়েছেন। তিনি জানান, গত বৃহস্পতিবার সন্ধ্যা ৭টার দিকে নুমালিগড় রিফাইনারি লিমিটেড থেকে ডিজেল পাম্পিং শুরু হয় এবং আজ বিকেল পৌনে ৬টার দিকে পুরো ৫ হাজার মেট্রিক টন ডিজেল ডিপোতে পৌঁছে। তিনি আরও জানান, ভারত থেকে ডিজেল আমদানি একটি চলমান প্রক্রিয়া। ডিপোতে বর্তমানে পর্যাপ্ত ডিজেল মজুত রয়েছে। বিতরণ কার্যক্রমও স্বাভাবিক রয়েছে। তিনি বলেন, আগামী কয়েকদিনের মধ্যে আরও ৭ হাজার মেট্রিক টন ডিজেলের একটি চালান পাম্পিং শুরু হবে। উল্লেখ্য, চলতি এপ্রিলে মোট ২৫ হাজার মেট্রিক টন ডিজেল আমদানির পরিকল্পনা রয়েছে। এর মধ্যে গত ১১ এপ্রিল ৮ হাজার মেট্রিক টন আমদানি করা হয়েছে। এ নিয়ে এ মাসে দুই দফায় মোট ১৩ হাজার মেট্রিক টন ডিজেল দেশে এসেছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৭.০৪.২০২৬ আসাদ)

# জাগো নিউজ

## স্বাস্থ্যসেবার বিকেন্দ্রীকরণে কাজ শুরু করেছে সরকার : প্রধানমন্ত্রী

বৈষম্য দূর করতে স্বাস্থ্যসেবার বিকেন্দ্রীকরণে সরকার কাজ শুরু করেছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, বর্তমানে বিশেষজ্ঞ হাসপাতাল ও উন্নত ল্যাবসহ অধিকাংশ স্বাস্থ্যসেবা রাজধানীকেন্দ্রিক। এ অবস্থা থেকে বের হয়ে, জেলা ও উপজেলা পর্যায়ের হাসপাতালগুলোকে আধুনিকায়নের উদ্যোগ নেওয়া হয়েছে এবং এ লক্ষ্যে এরই মধ্যে বিভিন্ন পদক্ষেপ বাস্তবায়ন শুরু করেছে সরকার। শনিবার (১৮ এপ্রিল) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ইউএইচএফপিও) সম্মেলনে এ কথা বলেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, মানুষ অসুস্থ হলে চিকিৎসকরাই তাদের সবচেয়ে কাছের বন্ধু হয়ে ওঠেন। একজন ডাক্তারের পরামর্শ ও মানবিক আচরণ অনেক সময় রোগীর জন্য ঔষধের মতো কাজ করে। তাই পেশাগত দক্ষতার পাশাপাশি চিকিৎসকদের মানবিক গুণাবলি অর্জন করাও অত্যন্ত গুরুত্বপূর্ণ। উন্নত দেশ হওয়া সত্ত্বেও যুক্তরাজ্য তাদের জাতীয় স্বাস্থ্যসেবা ব্যবস্থা পরিচালনায় চ্যালেঞ্জের মুখে পড়ছে- এ কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশের অনেক মানুষ চিকিৎসা ও উচ্চশিক্ষার জন্য যুক্তরাজ্যে যান। আমি সেখানে অবস্থানকালে যুক্তরাজ্যের জাতীয় স্বাস্থ্যসেবা কার্যক্রম কাছ থেকে দেখার সুযোগ হয়েছে।

ব্রিটেন বাংলাদেশের তুলনায় অনেক ধনী রাষ্ট্র হলেও, সেখানেও সরকার এ স্বাস্থ্যব্যবস্থা কার্যকরভাবে পরিচালনা করতে হিমশিম খাচ্ছে। অনুষ্ঠানে একটি বইয়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে আবর্জনা পড়ে থাকার একটি ছবি দেখার প্রসঙ্গ টেনে তিনি বলেন, পরিচ্ছন্নতা রক্ষায় বড়ো ধরনের সম্পদের প্রয়োজন নেই, বরং প্রয়োজন আন্তরিকতা ও মানসিকতার পরিবর্তন। বিদ্যমান সম্পদ দিয়েই পরিস্থিতির উন্নয়ন সম্ভব। মানুষ যদি নিজ নিজ জায়গা থেকে পরিষ্কার থাকার অভ্যাস গড়ে তোলে, তাহলে পরিবেশও স্বাভাবিকভাবেই পরিষ্কার থাকবে। বগুড়াতে একটি রাজনৈতিক অনুষ্ঠানের স্মৃতি উল্লেখ করে তারেক রহমান বলেন, বগুড়াতে একটি পোগ্রামে আমি কয়েকদিন আগেই চলে গিয়েছিলাম। যেহেতু আমার নিজের জেলা। দেশের বিভিন্ন জায়গা থেকে নেতা-কর্মীরা আসবে, সেখানে তো

ম্যানেজমেন্টের ব্যবস্থা থাকতে হবে। আমরা সমাবেশের জন্য একটা স্কুল মাঠ নিয়েছিলাম। সেখানে নেতা-কর্মীদের অজু গোসলের জন্য একটা ব্যবস্থা রেখে মাঠের যেন ক্ষতি না হয়, সেজন্য বালির ওপর ইট দিয়েছিলাম। যাদের কে এই কাজের দায়িত্ব দিয়েছিলাম, সকালে তাদের নির্দেশনা দিয়ে আমি অন্য কাজে চলে যাই। রাতে এসে দেখি ইট ইটের জায়গাতেই আছে। আমি বললাম, বিছানো হলো না কেন? তখন আমাকে বললো, লেবার যারা আসার কথা ছিল, আসেনি। তখন আমি নিজেই ইটের স্তূপ থেকে ইট নিয়ে বিছানো শুরু করি। তখন সব নেতা-কর্মী ইট নিয়ে বিছানো শুরু করলো। এক-দেড় ঘণ্টার মধ্যে পুরো কাজটা কমপ্লিট হয়ে গেল। সাম্প্রতিক সময়ে গৃহপরিচারিকা ফাতেমার আত্মীয়ের অসুস্থতার ঘটনা উল্লেখ করে তিনি বলেন, ফাতেমা আম্মার সঙ্গে জেলেও ছিলেন। দু-দিন আগে তার এক আত্মীয় অসুস্থতায় হাসপাতালে ছিল। তাকে ঢাকায় রেফার করা হচ্ছে। আমি বাসায় যাওয়ার পর আমার স্ত্রীর কাছে শুনলাম সামান্য বেসিক জিনিসটাও সেখানে দেওয়া হচ্ছে না, ঢাকায় সঙ্গে সঙ্গে পাঠিয়ে দিচ্ছে। ফাতেমা আমার স্ত্রীকে বলেছেন, স্বাভাবিকভাবে তার আত্মীয়ের বেটার চিকিৎসা হয়েছে। কিন্তু সবাই তো আর ফাতেমা না, সবাই ফাতেমার আত্মীয় না। একটা মেশিন ছিল না, সেখানে একটা মেশিন পাঠানো হয়েছে। এখন অনেক শিশু বেটার চিকিৎসা পাবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ রিহাব)

## মন্ত্রী সাহেব, প্রশংসা একটু কম, স্বাস্থ্যমন্ত্রীকে বললেন প্রধানমন্ত্রী

স্বাস্থ্যমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন বকুল বারবার প্রধানমন্ত্রীর নানা কাজের প্রশংসা করায় তারেক রহমান বললেন, 'মন্ত্রী সাহেব, প্রশংসা একটু কম'। রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আজ শনিবার (১৮ এপ্রিল) উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা (ইউএইচএফপিও) সম্মেলনে বক্তব্য রাখছিলেন স্বাস্থ্যমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন বকুল। এসময় তিনি প্রধানমন্ত্রীর প্রশংসা করেন। এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। স্বাস্থ্যমন্ত্রী বক্তৃতাকালে বারবার প্রধানমন্ত্রীর নানা কাজের প্রশংসা করায় তারেক রহমান বলে ওঠেন, মন্ত্রী সাহেব, প্রশংসা একটু কম। এসময় মিলনায়তন জুড়ে থাকা সবাই করতালি দেন। সঙ্গে সঙ্গে স্বাস্থ্যমন্ত্রী বলেন, "প্রশংসা করি নাই, যতটুকু আপনি বলতেছেন, সামান্য বলেছি।" স্বাস্থ্যমন্ত্রী বক্তৃতায় বলেন, দেশের মানুষের সুস্বাস্থ্য নিশ্চিত করতে হলে সবাইকে পরিবর্তনের অংশ হতে হবে এবং মানবসেবাকে কেন্দ্রবিন্দুতে রেখে কাজ করতে হবে। তিনি বলেন, সরকার প্রধান 'জিরো টলারেন্স' নীতি ঘোষণা করেছেন, যার মাধ্যমে স্বাস্থ্য খাতসহ সব ক্ষেত্রে অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থান নেওয়া হয়েছে। স্বাস্থ্যমন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী নিরলসভাবে জনগণের কল্যাণে কাজ করে যাচ্ছেন। সংসদে দীর্ঘ সময় ধরে তিনি দেশের উন্নয়ন ও মানুষের কল্যাণ নিয়ে ভাবনা-চিন্তা করেন। তার এই নিরবচ্ছিন্ন প্রচেষ্টার ফলেই প্রধানমন্ত্রী এযাবৎকালের শ্রেষ্ঠ রাজনৈতিক সংগঠক। তিনি বিশ্বের সর্বশ্রেষ্ঠ ১০০ জন মানুষের ভেতরে উনার কর্ম উনাকে জায়গা করে দিয়েছেন। তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী বিশেষভাবে গ্রাম পর্যায়ের চিকিৎসক ও স্বাস্থ্য কর্মকর্তাদের সঙ্গে সরাসরি যোগাযোগ স্থাপনে আগ্রহী। তাদের অভিজ্ঞতা ও পরামর্শকে গুরুত্ব দিয়ে স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে আরও শক্তিশালী করার পরিকল্পনা রয়েছে। তাদের কথা আমি শুনবো, তাদের মতামত গুরুত্ব দেবো এবং তাদের জন্য কাজ করবো। বিনিময়ে তারা দেশের মানুষের সেবায় নিজেদের নিয়োজিত রাখবেন, প্রধানমন্ত্রীর এই প্রত্যাশার কথাও তুলে ধরেন তিনি। স্বাস্থ্যমন্ত্রী বলেন, দেশের প্রতিটি মানুষের জন্য সুস্বাস্থ্য নিশ্চিত করতে হলে মাঠপর্যায়ের চিকিৎসকদের বিকল্প নেই। তাই তাদের সঙ্গে সমন্বয় বাড়ানো এবং কাজের পরিবেশ উন্নত করা সরকারের অগ্রাধিকার। অনুষ্ঠানে উপস্থিত লোকজনদের প্রতি আহ্বান জানিয়ে তিনি আরও বলেন, প্রধানমন্ত্রীর হাতকে শক্তিশালী করতে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে এবং নিজ নিজ অবস্থান থেকে জনগণের সেবায় আত্মনিয়োগ করতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ রিহাব)

## 'বাংলার জয়যাত্রা'কে ফেরাতে কূটনৈতিক চ্যানেলে কাজ চলছে

হরমুজ প্রণালিতে আটকে পড়া বাংলাদেশ শিপিং করপোরেশনের মালিকানাধীন জাহাজ বাংলার জয়যাত্রাকে ফেরাতে কূটনৈতিক চ্যানেলে সব ধরনের কাজ চলছে বলে জানিয়েছেন, নৌ-পরিবহণমন্ত্রী শেখ রবিউল আলম। শনিবার (১৮ এপ্রিল) দুপুরে চট্টগ্রামের ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউটে ২৮তম ব্যাচের প্রশিক্ষণার্থী রেটিংসদের প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজ শেষে এ কথা বলেন তিনি। সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, হরমুজ প্রণালিতে আটকে পড়া জাহাজ ফেরাতে কাজ চলছে। জাহাজে সম্ভবত ৩৫ জন নাবিক রয়েছেন। তারা ভালো আছেন। তাদের মনোবল চাঙা রাখা হয়েছে। তাদের পরিবারের খোঁজ-খবর নিচ্ছি। তারা তাড়াতাড়ি চলে আসবেন। সরকার কূটনৈতিক পন্থায় কাজ করছে, সব সময় কাজ চলছে। এর কিছু প্রক্রিয়া রয়েছে। তিনি বলেন, পরিস্থিতি কী হবে, সেটি কেউ জানে না। যখন কোনো পরিস্থিতি উদ্ভব হয়, ওই পরিস্থিতিতে যা যা করণীয়, সরকার তা তা করছে। এটি এমন না যে, আপনি একটা রোডম্যাপ দিয়ে দিলেন, সেভাবে চলবে। একেকটা প্রতিবন্ধকতা তৈরি হচ্ছে। সেটাকে কীভাবে ম্যানেজ করা যায়, সেভাবে আমাদের দপ্তর সারাক্ষণ কাজ করছে। তবে এতে নিশ্চয়ই দেশ ও রাষ্ট্র ক্ষতিগ্রস্ত হবে। নিউমুরিং কনটেইনার টার্মিনাল বিদেশি অপারেটরদের দেওয়ার কার্যক্রম সম্পর্কে মন্ত্রী বলেন, যে অবস্থায় এগিয়েছিল, সে অবস্থায় এখনো আছে। আমরা বিভিন্ন দিক বিশ্লেষণ করছি। আমাদের স্বার্থ কীভাবে রক্ষা হবে, বন্দরের নিরাপত্তা কীভাবে থাকবে, দিনে দিনে আমাদের টেকনোলজি যেটি অর্জন করার দরকার, সেটি আমরা বন্দর ব্যবস্থাপনায় কীভাবে অর্জন করতে পারি, এর সুফল কী কী আছে, আবার অন্য কোনো কোম্পানিকে দিলে আমাদের সক্ষমতায় কোনো ব্যত্যয় ঘটে কি না,

এ ধরনের বহুমুখী চিন্তা ও সমস্যা আমলে নিয়ে বিশ্লেষণ করা হচ্ছে। মনে রাখবেন, যা-ই করা হবে, দেশ ও জনগণের আস্থা ধারণ করেই সিদ্ধান্ত নেবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ রিহাব)

## জ্বালানি লোডিং লাইসেন্স পেল রূপপুর, ডিসেম্বরে বিদ্যুৎ সরবরাহ

পাবনার ঈশ্বরদীতে অবস্থিত রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিটে জ্বালানি উৎপাদনের লক্ষ্যে কমিশনিং লাইসেন্স প্রদান করেছে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ। প্রয়োজনীয় সব পরীক্ষা-নিরীক্ষা শেষে সংস্থাটি এই লাইসেন্স অনুমোদন দেয়। সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, চলতি এপ্রিলের শেষদিকে প্রথম ইউনিটে ইউরেনিয়াম জ্বালানি লোডিংয়ের উদ্বোধন হতে পারে। এছাড়া, চলতি বছরের ডিসেম্বরের মধ্যে ধাপে ধাপে উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রিডে যুক্ত করা সম্ভব হবে বলে জানিয়েছেন নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ড. জাহেদুল হাসান। লাইসেন্স প্রদানের বিষয়টি নিশ্চিত করেন প্রকল্প পরিচালক কবীর হোসেন। তিনি বলেন, "আমাদের দিক থেকে আর কোনো জটিলতা নেই। কমিশনিং লাইসেন্স প্রদান করা হয়েছে। এখন সরকার উদ্বোধনের তারিখ নির্ধারণ করবে। সে অনুযায়ী, জ্বালানি লোডিং কার্যক্রম শুরু হবে।" অন্যদিকে, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণের চেয়ারম্যান মাহমুদুল হাসান বলেন, "পূর্বে ৭ এপ্রিল উদ্বোধনের সিদ্ধান্ত থাকলেও, কিছু জটিলতা দেখা দেওয়ায় তা পিছিয়ে দেওয়া হয়।" তিনি আরও বলেন, "সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করতে আমরা সময় নিয়ে সমস্যাগুলো সমাধান করেছি। বর্তমানে পরিস্থিতি অনুকূলে থাকায় জ্বালানি লোডিংয়ের বিষয়ে সবাই একমত হয়ে লাইসেন্স প্রদান করা হয়েছে।" (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ রিহাব)

## ৮ ফ্লাইটে সৌদি গেছেন ৩ হাজার হজযাত্রী; আরও ফ্লাইটের প্রস্তুতি

ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে শনিবার (১৮ এপ্রিল) দুপুর ২টা পর্যন্ত আটটি ফ্লাইট হজযাত্রীদের নিয়ে সৌদি আরবের উদ্দেশ্যে ছেড়ে গেছে। আটটি ফ্লাইটে প্রায় তিন হাজার যাত্রী ভ্রমণ করেছেন। বিকেল ও রাতে আরও আটটি ফ্লাইট সৌদি যাওয়ার প্রস্তুতি চলছে। এদিকে, বিকেল ও রাতের ফ্লাইটে সৌদি আরব যেতে আরও হাজারো হজযাত্রী আশকোনার হজ ক্যাম্পে জড়ো হয়েছেন। তারা এখানে আনুষ্ঠানিকতা শেষ করে একে একে নিজ নিজ ফ্লাইটে যাচ্ছেন। আশকোনা হজ ক্যাম্পের ব্যবস্থাপনায় সন্তুষ্টি প্রকাশ করেন তারা। তবে ক্যাম্পে মশার উপদ্রব এবং গরমে অনেকে অস্বস্তির কথাও জানিয়েছেন। সৌদি সরকার ঘোষিত হজ ব্যবস্থাপনার রোডম্যাপ অনুসারে, গতকাল শুক্রবার (১৭ এপ্রিল) মধ্যরাত থেকে বাংলাদেশ থেকে হজ ফ্লাইট শুরু হয়েছে। রাত ১১টা ৩৫ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে হজ ফ্লাইটের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। উদ্বোধনী ফ্লাইটে সৌদি গেছেন ৪১৯ জন হজযাত্রী। সরেজমিনে দেখা যায়, হজ ক্যাম্পের সামনে শত শত হজযাত্রী এবং তাদের স্বজনরা দাঁড়িয়ে আছেন। আত্মীয় বা পরিবার-পরিজনের কাছ থেকে বিদায় নিয়ে ক্যাম্পে প্রবেশ করছেন অনেকে। কেউ কেউ প্রিয়জনকে বিদায় দিতে অশ্রুসিক্ত হচ্ছেন। ক্যাম্পে ঢোকার সময় পানির বোতল দিয়ে তাদের স্বাগত জানান স্বেচ্ছাসেবকরা। পরে ফ্লাইট অনুযায়ী, তারা ইমিগ্রেশন সম্পন্ন করার প্রস্তুতি নিচ্ছেন। যাদের ফ্লাইট আগামীকাল রোববার (১৯ এপ্রিল), তাদের জন্য ক্যাম্পের ভেতর নির্দিষ্ট কক্ষে থাকার ব্যবস্থা করছে কর্তৃপক্ষ। সিরাজগঞ্জ থেকে হজে যাওয়ার জন্য আশকোনা ক্যাম্পে আজ শনিবার বেলা ২টায় উপস্থিত হয়েছেন রফিক তালুকদার। তিনি জাগো নিউজকে বলেন, হজে যাওয়ার উদ্দেশ্যে গতকাল শুক্রবার ঢাকায় এসেছি। রাতে মিরপুরে এক আত্মীয়ের বাসায় ছিলাম। এখন ক্যাম্পে এসেছি। এখানে আনুষ্ঠানিকতা শেষ করে শাহজালাল বিমানবন্দরে যাবো। আজ রাত ৯টা ২০ মিনিটে ফ্লাইনাস এয়ারলাইন্সে তার ফ্লাইট রয়েছে। এ সময় তিনি হজযাত্রার জন্য দেশবাসীর কাছে দোয়া চান।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ রিহাব)

## বিএনপি সমর্থকদের কাছে রাশেদ প্রধানের দুঃখ প্রকাশ

প্রধানমন্ত্রী তারেক রহমানকে নিয়ে নেতিবাচক মন্তব্য করায় জাতীয় গণতান্ত্রিক পার্টির (জাগপা) সহ-সভাপতি ও দলীয় মুখপাত্র রাশেদ প্রধান বিএনপির সমর্থকদের কাছে দুঃখ প্রকাশ করেছেন। শনিবার (১৮ এপ্রিল) দুপুরে জাতীয় প্রেসক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি বলেন, কুলাঙ্গার শব্দের অর্থ কুল (বংশ) + অঙ্গার (কলঙ্ক)= বংশের কলঙ্ক। কুলাঙ্গার (বিশেষ্য) হলো- এমন ব্যক্তি, যার কুকর্মের ফলে তার বংশ কলঙ্কিত বা অপমানিত হয়। তারপরেও যেহেতু বিএনপি কর্মীরা কুলাঙ্গার শব্দ ব্যবহার করার জন্য রাগ করেছেন, কষ্ট পেয়েছেন, তাই আমি বিএনপি সমর্থকগোষ্ঠীর কাছে আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছি। ভবিষ্যতে আর কুলাঙ্গার শব্দটি ব্যবহার করবো না বলে কথা দিচ্ছি, কিন্তু অতীত থেকে ব্যবহার করে আসা আমার বক্তব্য একই। এসময় তিনি বলেন, বিএনপির কিছুসংখ্যক কর্মী 'কুলাঙ্গার' শব্দের অর্থ ঠিকমতো উপলব্ধি করতে পারেননি। সম্ভবত অর্থ না বোঝার কারণে তাদের মাঝে এত উত্তেজনা সৃষ্টি হয়েছে। রাশেদ প্রধান বলেন, আমি ২০২৬-এর জাতীয় নির্বাচনের আগে থেকেই আমার বক্তব্যে বারবার বলেছি, শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান এবং আপোশহীন দেশনেত্রী বেগম খালেদা জিয়ার বিএনপি আর নেই। তারেক রহমান তার পিতা-মাতার আদর্শে বর্তমান বিএনপি পরিচালনা করেন না। তিনি পিতা-মাতার সম্মান নষ্ট করেছেন, তাদের অপমান করেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ রিহাব)

## ইউটিউব দেখে অকটেন তৈরির চেষ্টা, বিস্ফোরণে প্রাণ গেল ব্যবসায়ীর

ইউটিউব দেখে বিকল্প উপায়ে অকটেন তৈরি করতে গিয়ে ফেনীর সোনাগাজীতে বিস্ফোরণে দগ্ধ হয়ে এক ব্যবসায়ীর মৃত্যু হয়েছে। শনিবার (১৮ এপ্রিল) সকালে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইউনিটে চিকিৎসাধীন অবস্থায় নুর আলম মাসুদ (৪৫) নামে ওই ব্যবসায়ীর মৃত্যু হয়। নুর আলম মাসুদ সোনাগাজীর 'সততা অয়েল মিলস'র স্বত্বাধিকারী। তিনি সোনাগাজী সদর ইউনিয়নের ওমর খান পাঠান বাড়ির মৃত খুরশিদ আলমের ছেলে। নিহতের স্বজন, প্রত্যক্ষদর্শী ও স্থানীয় সূত্রে জানা যায়, মঙ্গলবার (১৪ এপ্রিল) বিকেলে সোনাগাজী পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের নজরুল প্রাইমারি এলাকায় বিকল্প পদ্ধতিতে অকটেন তৈরির সময় অতিরিক্ত তাপমাত্রার কারণে একটি পাইপ বিকট শব্দে বিস্ফোরিত হয়। এতে গুরুতর দগ্ধ হন নুর আলম মাসুদ ও তার সহকর্মী মো. ওমর ফারুক। স্থানীয়রা তাদের উদ্ধার করে প্রথমে সোনাগাজী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও পরে ফেনী জেনারেল হাসপাতালে পাঠান। অবস্থার অবনতি হলে সেখান থেকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। চারদিন সেখানে চিকিৎসাধীন থাকার পর শনিবার সকালে তার মৃত্যু হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ রিহাব)

## হাম আক্রান্ত শিশুদের দেখতে গেলেন জামায়াত আমির

হাম আক্রান্ত রোগীদের দেখতে রাজধানীর শিশু হাসপাতালে গেছেন বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। শনিবার (১৮ এপ্রিল) বেলা ১১টায় তিনি হাসপাতালে যান। হাসপাতালে তিনি ঘুরে-ঘুরে কর্তব্যরত চিকিৎসকদের সঙ্গে নিয়ে হাম আক্রান্ত রোগীদের খোঁজ-খবর নেন এবং যাবতীয় সমস্যার কথা মনোযোগ দিয়ে শোনেন। এ সময় জামায়াত আমিরের সঙ্গে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য সাইফুল আলম খান মিলন এমপি, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য মোবারক হোসাইন, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী উত্তরের আমির মোহাম্মদ সেলিম উদ্দিন এবং কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী উত্তরের সেক্রেটারি ড. মুহাম্মদ রেজাউল করিমসহ অন্যান্য নেতারা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ রিহাব)

## এসএসসি পরীক্ষাকেন্দ্রের ২০০ গজের মধ্যে জনসাধারণের প্রবেশে নিষেধাজ্ঞা

আসন্ন এসএসসি ও সমমান পরীক্ষার কেন্দ্রগুলোর ২০০ গজের মধ্যে পরীক্ষার্থী ছাড়া জনসাধারণের প্রবেশে নিষেধাজ্ঞা আরোপ করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। শনিবার (১৮ এপ্রিল) ডিএমপি কমিশনার (ভারপ্রাপ্ত) মো. সরওয়ার স্বাক্ষরিত এক আদেশে এ নিষেধাজ্ঞা জারি করা হয়। এতে বলা হয়, ২০২৬ সালের এসএসসি ও এসএসসি (ভোকেশনাল), দাখিল ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা আগামী ২১ এপ্রিল থেকে ঢাকা মহানগরীর বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে। যেহেতু কেন্দ্রগুলোতে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হওয়া নিশ্চিত করা প্রয়োজন, সেহেতু ঢাকা মেট্রোপলিটন পুলিশ অর্ডিন্যান্স (অর্ডিন্যান্স নং-III/১৯৭৬) এর ২৮ ও ২৯ ধারায় অর্পিত ক্ষমতাবলে পরীক্ষা কেন্দ্রসমূহের ২০০ গজের মধ্যে পরীক্ষার্থী এবং পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তি ব্যতীত জনসাধারণের অনধিকার প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করছি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ রিহাব)

## আন্তর্জাতিক পিআর সেবা চালু করলো টাইমস পিআর

আন্তর্জাতিক মিডিয়া আউটলেটে পাবলিক রিলেশনস (পিআর) সেবার পরিধি বিস্তৃত করার ঘোষণা দিয়েছে টাইমস পিআর (www.timespr.com)। শনিবার (১৮ এপ্রিল) এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। ২০১১ সালের মার্চ মাসে বাংলাদেশে কার্যক্রম শুরুর পর, প্রতিষ্ঠানটি দীর্ঘ ১৪ বছর ধরে স্থানীয় ও বৈশ্বিক ব্র্যান্ডের জন্য জনসংযোগ সেবা প্রদান করে আসছে। এরপর ২০১৭ সালে ভারতে এবং ২০২১ সালে যুক্তরাষ্ট্রে কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে প্রতিষ্ঠানটি নিজেদের একটি ক্রস-বর্ডার পিআর পার্টনার হিসেবে প্রতিষ্ঠিত করেছে, যা আন্তর্জাতিকভাবে ব্যবসা সম্প্রসারণে আগ্রহী ব্র্যান্ডগুলোর জন্য কার্যকর সহায়তা প্রদান করে। এই ধারাবাহিকতায় বৈশ্বিক ক্লায়েন্টদের জন্য বিশ্বব্যাপী পূর্ণাঙ্গ আন্তর্জাতিক পিআর সেবা প্রদানের উদ্যোগ নিয়েছে প্রতিষ্ঠানটি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ রিহাব)

## পড়াশোনা বন্ধ-ক্লাস ফাঁকি দিলে বাতিল হতে পারে মার্কিন শিক্ষার্থী ভিসা

পড়াশোনা মাঝপথে ছেড়ে দিলে, নিয়মিত ক্লাসে অনুপস্থিত থাকলে বা শিক্ষাপ্রতিষ্ঠানকে না জানিয়ে কোর্স থেকে সরে দাঁড়ালে মার্কিন শিক্ষার্থী ভিসা বাতিল হতে পারে। এমনকি ভবিষ্যতে ভিসা পাওয়ার যোগ্যতাও হারাতে পারেন সংশ্লিষ্টরা। শনিবার (১৮ এপ্রিল) ঢাকার মার্কিন দূতাবাস এক বিবৃতিতে এ তথ্য জানিয়েছে। বিবৃতিতে বলা হয়, যারা শিক্ষার্থী ভিসা নিয়ে যুক্তরাষ্ট্রে পড়াশোনা করছেন, তাদের অবশ্যই নির্ধারিত নিয়ম মেনে চলতে হবে। পড়াশোনা বন্ধ করা, ক্লাসে অনুপস্থিত থাকা বা অনুমতি ছাড়া অধ্যয়ন কর্মসূচি থেকে সরে দাঁড়ানো ভিসার শর্ত লঙ্ঘনের শামিল। দূতাবাস সতর্ক করে জানায়, এ ধরনের শর্ত ভঙ্গের কারণে শিক্ষার্থীর ভিসা বাতিল হতে পারে এবং ভবিষ্যতে যুক্তরাষ্ট্রের ভিসার জন্য আবেদন করলেও, তা প্রত্যাখ্যাত হওয়ার ঝুঁকি থাকে। সম্ভাব্য জটিলতা এড়াতে শিক্ষার্থীদের সবসময় ভিসার শর্ত মেনে চলার এবং বৈধ শিক্ষার্থী হিসেবে নিজেদের অবস্থান বজায় রাখার পরামর্শ দিয়েছে দূতাবাস।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ রিহাব)

## এসএসসি পরীক্ষা ঘিরে যান চলাচলে ডিএমপির নির্দেশনা

আগামী ২১ এপ্রিল থেকে দেশজুড়ে একযোগে শুরু হচ্ছে এসএসসি ও সমমানের পরীক্ষা। শুধু ঢাকা মহানগরীতেই ১২৭টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীদের নির্বিঘ্ন যাতায়াত নিশ্চিত করা এবং রাজধানীর সার্বিক ট্রাফিক ব্যবস্থা স্বাভাবিক রাখতে বিশেষ নির্দেশনা জারি করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। শনিবার (১৮ এপ্রিল) ডিএমপি কমিশনার (ভারপ্রাপ্ত) মো. সরওয়ার স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ নির্দেশনা দেওয়া হয়। এতে বলা হয়েছে, চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষা আগামী ২১ এপ্রিল সকাল ১০টা থেকে ঢাকা মহানগরীর ১২৭টি কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় পরীক্ষার্থীদের কেন্দ্রে নির্বিঘ্নে যাতায়াত নিশ্চিত করা এবং ঢাকা মহানগরের সার্বিক ট্রাফিক ব্যবস্থা স্বাভাবিক রাখার লক্ষ্যে নগরবাসী ও যানবাহন চালকদের কিছু বিশেষ নির্দেশনা মেনে চলার জন্য অনুরোধ জানিয়েছে ডিএমপি। ডিএমপির নির্দেশনায় বলা হয় :

(১) পরীক্ষার্থীদের যথেষ্ট সময় নিয়ে পরীক্ষা কেন্দ্রে রওয়ানা হতে হবে।

(২) ব্যক্তিগত যানবাহনে আসা পরীক্ষার্থীদের কেন্দ্রের একেবারে সামনে নামার পরিবর্তে, কম ব্যস্ত নিকটবর্তী স্থানে নেমে হেঁটে কেন্দ্রে প্রবেশ করতে হবে। একইভাবে পরীক্ষা শেষে কেন্দ্র থেকে হেঁটে গিয়ে নিকটবর্তী স্থানে গিয়ে যানবাহনে উঠতে হবে।

(৩) কোনো যানবাহন পরীক্ষা কেন্দ্রের আশপাশের সড়কে পার্কিং করে রাখা যাবে না, করলে কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

(৪) অভিভাবকদের কেন্দ্রের আশপাশের সড়কে অবস্থান না করার অনুরোধ জানানো যাচ্ছে, কারণ এতে যান চলাচলে বিঘ্ন ঘটে, যা সড়ক পরিবহণ আইন ২০১৮ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

(৫) পরীক্ষা শুরুর আড়াই ঘণ্টা আগে থেকে পরীক্ষার্থী ছাড়া অন্য যাত্রীদের কেন্দ্র সংলগ্ন সড়ক এড়িয়ে চলার অনুরোধ করা হয়েছে।

(৬) এছাড়া এরই মধ্যে কেন্দ্রের ২০০ গজের মধ্যে পরীক্ষার্থী ছাড়া অন্যদের অবস্থান নিষিদ্ধ করা হয়েছে, তাই কেন্দ্রের আশপাশে অবস্থান করবেন না। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ রিহাব)

## আইন-শৃঙ্খলা বাহিনীর গাড়িতে অগ্রাধিকার ভিত্তিতে তেল দিতে নির্দেশ

জরুরি সেবা কার্যক্রম নির্বিঘ্ন রাখতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও কারাগার-সংশ্লিষ্ট যানবাহনে অগ্রাধিকার ভিত্তিতে জ্বালানি তেল দিতে পাম্পগুলোকে নির্দেশনা দেওয়া হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপ-সচিব মো. হাফিজ-আল-আসাদ স্বাক্ষরে গত ১৫ এপ্রিল এ নির্দেশনা দেওয়া হয়। শনিবার (১৮ এপ্রিল) মন্ত্রণালয় এ তথ্য নিশ্চিত করেছে। নির্দেশনায় বলা হয়, কারাগারের বিভিন্ন জরুরি প্রয়োজনে দিনরাত যে-কোনো সময় বন্দি স্থানান্তর, অসুস্থ বন্দিকে হাসপাতালে পাঠানো ও দাপ্তরিক কাজে যানবাহন ব্যবহার করতে হয়। একইভাবে অভ্যন্তরীণ আইন-শৃঙ্খলা রক্ষা, সীমান্ত টহল ও বিভিন্ন বিশেষ অভিযান পরিচালনায় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর যানবাহন সার্বক্ষণিক সচল রাখা অত্যাবশ্যক। এ প্রেক্ষাপটে পুলিশ, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি), কোস্ট গার্ড, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং কারা অধিদপ্তরের যানবাহনে অগ্রাধিকার ভিত্তিতে জ্বালানি সরবরাহ নিশ্চিত করতে দেশের সব পেট্রোল পাম্পকে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ রিহাব)

## রোহিঙ্গা সংকটের সমাধান রাখাইনেই : পররাষ্ট্রমন্ত্রী

রোহিঙ্গা সংকটের টেকসই সমাধান মিয়ানমারের রাখাইন রাজ্যেই নিহিত বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। এ লক্ষ্যে আন্তর্জাতিক সম্প্রদায়কে আরও সক্রিয় ও ফলপ্রসূ ভূমিকা নেওয়ার আহ্বান জানান তিনি। শুক্রবার (১৭ এপ্রিল) তুরস্কে অনুষ্ঠিত অ্যান্টালিয়া ডিপ্লোমেসি ফোরাম ২০২৬-এর 'গ্লোবাল রিফিউজি প্রোটেকশন সিস্টেম ইন দ্য ফেইস অব ডিসপ্লেসমেন্ট ক্রাইসিস' শীর্ষক সেশনে প্যানেলিস্ট হিসেবে বক্তব্য দিতে গিয়ে এ কথা বলেন তিনি। পররাষ্ট্রমন্ত্রী বলেন, শুধু মানবিক সহায়তায় সীমাবদ্ধ থাকলে চলবে না। রোহিঙ্গাদের নিরাপদ, সম্মানজনক ও স্বেচ্ছায় প্রত্যাবাসনের জন্য রাখাইনে অনুকূল পরিবেশ তৈরিতে আন্তর্জাতিক সম্প্রদায়কে কার্যকর উদ্যোগ নিতে হবে। তিনি রোহিঙ্গাদের জন্য আন্তর্জাতিক দাতা সহায়তা কমে যাওয়ায় গভীর উদ্বেগ প্রকাশ করেন। একইসঙ্গে অর্থায়ন বৃদ্ধি, রাখাইনে স্থিতিশীলতা ও নিরাপত্তা নিশ্চিত করা এবং মানবাধিকার সুরক্ষায় জরুরি পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান। ড. খলিলুর রহমান বলেন, দায়িত্ব নেওয়ার পর মিয়ানমার সরকার এবং আরাকান আর্মি- উভয়পক্ষই তাকে স্বাগত জানিয়েছে। তিনি বলেন, রোহিঙ্গা সংকট একটি সমাধানযোগ্য সমস্যা। তবে এর জন্য প্রয়োজন সমন্বিত বৈশ্বিক উদ্যোগ ও ধারাবাহিক আন্তর্জাতিক সহযোগিতা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ রিহাব)

## ঐতিহাসিক বড়াইবাড়ী দিবসে শহিদদের প্রতি এনসিপির শ্রদ্ধা

আজ ১৮ এপ্রিল। ঐতিহাসিক বড়াইবাড়ী দিবস। এদিন শহিদ হওয়া তৎকালীন বিডিআর সদস্যদের যথাযথ শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। শনিবার (১৮ এপ্রিল) দলের যুগ্ম সদস্যসচিব (দপ্তর) সালেহ উদ্দিন সিফাত স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ কথা বলা হয়। এনসিপি জানায়, ২০০১ সালের এদিনে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) বিনা উসকানিতে সীমান্ত পিলার অতিক্রম করে কুড়িগ্রামের রৌমারী উপজেলার বড়াইবাড়ী গ্রামে

অনুপ্রবেশ করে তাণ্ডব চালায়। তৎকালীন বাংলাদেশ রাইফেলস (বিডিআর) ক্যাম্প ও বড়াইবাড়ী গ্রাম দখলের এ অপচেষ্টা রুখে দেয় বিডিআর ও সচেতন গ্রামবাসী। বিএসএফ বাংলাদেশের স্থাপনার দিকে উপর্যুপরি গুলি ছুড়ে, যার সাক্ষী হিসেবে এখনো দাঁড়িয়ে আছে বড়াইবাড়ী ক্যাম্প। দলটি জানায়, বিডিআর জওয়ানদের অদম্য সাহসী ভূমিকায় সেদিন অনুপ্রবেশকারী ও দখলদাররা শেষ পর্যন্ত পিছু হটতে বাধ্য হয়। দেশের তরে শহিদ হন নায়েক সুবেদার ওয়াহিদুজ্জামান, সিপাহী মাহফুজার রহমান ও সিপাহী আব্দুল কাদের। বিজ্ঞপ্তিতে এনসিপি শহিদ বিডিআর জওয়ানদের আত্মার মাগফেরাত কামনা করে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ রিহাব)

## জাতীয় নারী শক্তির ৫৩ সদস্যের পূর্ণাঙ্গ কেন্দ্রীয় কমিটি গঠন

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সহযোগী সংগঠন হিসেবে জাতীয় নারীশক্তির ৫৩ সদস্যবিশিষ্ট পূর্ণাঙ্গ কেন্দ্রীয় আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। শনিবার (১৮ এপ্রিল) দুপুরে নারী শক্তির সদস্যসচিব মাহমুদা আলম মিতুর সই করা এক বিজ্ঞপ্তিতে কমিটি গঠনের এই তথ্য জানানো হয়। এতে বলা হয়, এনসিপির আহ্বায়ক মো. নাহিদ ইসলাম ও সদস্য সচিব আখতার হোসেনের অনুমোদনে এই কমিটি গঠন করা হয়েছে। নবগঠিত কমিটিতে আহ্বায়ক হিসেবে দায়িত্ব পেয়েছেন মনিরা শারমিন এবং সদস্য সচিব হিসেবে মনোনীত হন মাহমুদা আলম মিতু।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ রিহাব)

## হাদি হত্যাকাণ্ড; অস্ত্র বিক্রেতা হেলালের স্বীকারোক্তিমূলক জবানবন্দি

ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরিফ ওসমান হাদি হত্যাকাণ্ডে ব্যবহৃত অস্ত্রের বিক্রেতা মাজেদুল হক ওরফে হেলাল আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন। শনিবার (১৮ এপ্রিল) তিনদিনের রিমান্ড শেষে তাকে আদালতে হাজির করে তার জবানবন্দি রেকর্ড করা হয়। মামলার তদন্ত কর্মকর্তা সিআইডির সহকারী পুলিশ সুপার আবদুল কাদির ভুঁইয়া হেলালের জবানবন্দি গ্রহণের আবেদন জানান। শুনানি শেষে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলাম তার স্বীকারোক্তি নথিভুক্ত করেন। পরে তাকে কারাগারে পাঠানো হয়েছে বলে জানিয়েছেন প্রসিকিউশন বিভাগের উপ-পরিদর্শক রুকনুজ্জামান। এর আগে, গত ১৫ এপ্রিল আদালত হেলালকে তিনদিনের রিমান্ডে পাঠান। তিনি চট্টগ্রামের 'হামিদুল হক আর্মস অ্যান্ড কোং' নামে একটি অস্ত্র বিক্রির দোকানের মালিক। গত ১৪ এপ্রিল নগরীর চকবাজার থানার হারেছ শাহ মাজার লেন এলাকা থেকে তাকে গ্রেফতার করে পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি)।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ রিহাব)

## একদিনে কুয়েত থেকে এলো ৩০ প্রবাসীর মরদেহ

কুয়েত থেকে ৩০ জন বাংলাদেশি প্রবাসীর মরদেহ দেশে এসেছে। শনিবার (১৮ এপ্রিল) সন্ধ্যায় কুয়েত এয়ারলাইন্সের একটি চার্টার্ড ফ্লাইটে এসব মরদেহ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছায়। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের প্রবাসী কল্যাণ ডেস্ক বিষয়টি নিশ্চিত করে। একই দিন পৃথক একটি ফ্লাইটে মালয়েশিয়া থেকে আরও দুই বাংলাদেশি প্রবাসীর মরদেহ দেশে আনা হয়েছে বলেও জানা গেছে। প্রবাসী কল্যাণ ডেস্কের কর্মকর্তারা জানান, মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতির কারণে একাধিকবার কুয়েতগামী ফ্লাইট বাতিল হওয়ায় এসব মরদেহ নির্ধারিত সময়ে দেশে আনা সম্ভব হয়নি। পরে বিশেষ চার্টার্ড ফ্লাইটের মাধ্যমে মরদেহগুলো দেশে আনার ব্যবস্থা করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ রিহাব)

## প্রধানমন্ত্রী আসলে দেশসেবা করতেই দায়িত্ব নিয়েছেন : অতিরিক্ত প্রেস সচিব

প্রধানমন্ত্রী তারেক রহমান দেশসেবা করতেই দায়িত্ব নিয়েছেন বলে মন্তব্য করেছেন তার অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন। তিনি বলেন, বিএনপি নেতৃত্বাধীন সরকারের দুই মাস পূর্তি উপলক্ষ্যে শনিবার (১৮ এপ্রিল) বিকেলে প্রধানমন্ত্রীর কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ মন্তব্য করেন। রুমন বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান আসলে দেশসেবা করতেই দায়িত্ব নিয়েছেন। ভালোভাবে কাজ শুরু করতেই তার দায়িত্ব নেওয়া। তিনি চান, দেশের ভালো কাজগুলো হোক। তবে এক্ষেত্রে যুদ্ধ এবং এর জেরে জ্বালানি তেলের সংকট বাধা হয়ে দাঁড়িয়েছে উল্লেখ করে অতিরিক্ত প্রেস সচিব বলেন, "এটা ছাড়া আমার মনে হয়, অন্য প্রশাসনিক এবং যে খারাপ কাজগুলো দুষ্টু লোকরা করছিল, এগুলো কিন্তু তুলনামূলকভাবে অনেক কমে গেছে।"(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ রিহাব)

## গ্রেফতার হাসান নাসিম কারাগারে, রিমান্ড নামঞ্জুর

জাতীয় সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম মনিকে ব্ল্যাকমেইলের উদ্দেশ্যে সামাজিক যোগাযোগমাধ্যমে বিভ্রান্তিকর পোস্ট ছড়ানোর অভিযোগে করা মামলায় গ্রেফতার এ এম হাসান নাসিমকে (৩৫) কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। একইসঙ্গে তাকে রিমান্ডে নেওয়ার আবেদন নামঞ্জুর করা হয়েছে। শনিবার (১৮ এপ্রিল) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট হাসিব উল্লাহ পিয়াসের আদালতে আসামিকে হাজির করে সাতদিনের রিমান্ড আবেদন করেন মামলার তদন্ত কর্মকর্তা ডিবির উপ-পরিদর্শক (এসআই) রায়হানুর রহমান। অন্যদিকে, আসামিপক্ষ রিমান্ড বাতিল ও জামিন চেয়ে আবেদন করে। শুনানি শেষে আদালত রিমান্ড ও জামিন- উভয় আবেদনই নামঞ্জুর করে আসামিকে

কারাগারে পাঠানোর আদেশ দেন। একইসঙ্গে রোববার (১৯ এপ্রিল) জামিন শুনানির জন্য দিন ধার্য করা হয়েছে বলে জানান আসামিপক্ষের আইনজীবী জহিরুল ইসলাম। মামলার এজাহার সূত্রে জানা গেছে, চিফ হুইপকে উদ্দেশ্য করে একটি ফেসবুক আইডি থেকে আপত্তিকর ও বিভ্রান্তিকর পোস্ট ছড়িয়ে তাকে ব্ল্যাকমেইলের চেষ্টা করা হয়। এ ঘটনায় মো. নজরুল ইসলাম নামের একজন গুলশান থানায় অভিযোগ দেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ রিহাব)

**জরুরি সেবার যানে অগ্রাধিকার ভিত্তিতে ডিজেল সরবরাহে লিগ্যাল নোটিশ**

জরুরি সেবায় নিয়োজিত যানবাহনের জন্য দেশব্যাপী পেট্রোল পাম্পে অগ্রাধিকার ভিত্তিতে জ্বালানি সরবরাহ নিশ্চিত করতে সংশ্লিষ্টদের প্রতি লিগ্যাল নোটিশ পাঠানো হয়েছে। নোটিশে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রীকে বিবাদী করা হয়েছে। শনিবার (১৮ এপ্রিল) সুপ্রিম কোর্টের আইনজীবী ও ন্যাশনাল ল ইয়ার্স কাউন্সিলের চেয়ারম্যান এস এম জুলফিকুর আলী জুনু এই লিগ্যাল নোটিশ পাঠান। বিষয়টি তিনি জাগো নিউজকে নিশ্চিত করেছেন। জরুরি সেবা কার্যক্রম নির্বিঘ্ন রাখতে দেশের সব পেট্রোল পাম্পে পুলিশ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, অ্যাম্বুলেন্স এবং অন্যান্য জরুরি সেবায় নিয়োজিত যানবাহনের জন্য অগ্রাধিকারভিত্তিতে জ্বালানি সরবরাহ নিশ্চিত করতে একটি সরকারি নির্দেশনা জারির জন্য বলা হয়েছে নোটিশে। এ ছাড়া, পেট্রোল পাম্প কর্তৃপক্ষের জন্য একটি সুস্পষ্ট ও কার্যকর স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর প্রণয়নের জন্য বলা হয়েছে। নোটিশে উল্লেখ করা হয়েছে, জ্বালানি সরবরাহকে কেন্দ্র করে পেট্রোল পাম্প কর্তৃপক্ষ এবং জরুরি সেবা যানবাহনের চালকদের (বিশেষত পুলিশ ও ফায়ার সার্ভিস) মধ্যে ভুল বোঝাবুঝি ও মাঝে মাঝে বিরোধের সৃষ্টি হচ্ছে বলে বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত খবরে জানা গেছে। এ ধরনের পরিস্থিতি জনস্বার্থে অত্যন্ত সংবেদনশীল, কারণ জরুরি সেবা যানবাহনে জ্বালানি সরবরাহে বিলম্ব বা প্রতিবন্ধকতা সৃষ্টি হলে তা জননিরাপত্তা, জীবনরক্ষাকারী কার্যক্রম এবং আইনশৃঙ্খলা রক্ষায় গুরুতর নেতিবাচক প্রভাব ফেলতে পারে। এই প্রেক্ষাপটে জরুরি সেবা কার্যক্রম নির্বিঘ্ন রাখতে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা একান্ত প্রয়োজন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৮.০৪.২০২৬ রিহাব)

# BBC

**WHAT PEOPLE IN POWER THINK THE IMPACT OF THE IRAN WAR WILL BE**

The two centres of this crisis are the 24-mile Strait of Hormuz south of Iran and 7,000 miles away in the White House. This week was the unique opportunity for the rest of the world to make its economic case to US President Donald Trump's administration directly at the Spring meeting of the International Monetary Fund (IMF) and World Bank – taking place in Washington DC just down the road from the White House. The sense I got speaking to the majority of G7 finance ministers, some central bankers, and some of the world's top financiers was unhappiness about the rest of the world picking up the inadvertent but predictable costs of the US's decision to go to war. It was the Chancellor Rachel Reeves who was especially vocal on the "folly" and "mistake" of war "which is not ours". The meetings of finance ministers such as the G20 breakfast were sombre affairs. According to participants, the United States was the only voice in the room projecting short-term confidence. (BBC Web page : 18.04.2026 Ali Ahmed)

**FRENCH PEACEKEEPER KILLED IN SOUTHERN LEBANON**

A French peacekeeper has been killed and three others wounded after a UN patrol came under fire in southern Lebanon, in what officials described as a deliberate attack. The soldier was serving with the United Nations Interim Force in Lebanon (Unifil), which confirmed that one peacekeeper had died and three others were injured, two of them seriously, when their patrol came under small-arms fire. French President Emmanuel Macron blamed the attack on Hezbollah. The Iran-backed armed group denied "any connection" to the incident. It comes amid heightened tensions in southern Lebanon, where peacekeepers have faced growing risks since renewed fighting between Hezbollah and Israel erupted on 2 March. A 10-day ceasefire between Israel and Lebanon came into effect on 16 April. The US, which announced the deal, urged Hezbollah to abide by its terms. "Everything suggests that responsibility for this attack lies with Hezbollah," Macron said. "France demands that the Lebanese authorities immediately arrest the perpetrators and take their responsibilities alongside Unifil." (BBC Web page : 18.04.2026 Ali Ahmed)

**IRAN SAYS STRAIT OF HORMUZ IS 'OPEN' BUT TRACKING SHOWS FEW SHIPS MOVING**

Iran's foreign minister has said the Strait of Hormuz has reopened for commercial vessels, but added that ships should use designated safe lanes. Tehran has effectively blocked the key oil shipping channel since the US and Israel attacked the country on 28 February. A

ceasefire between the US and Iran is due to expire on 22 April. US President Donald Trump said a naval blockade of Iranian ports would continue until a peace deal was agreed between the two countries but that it was "a great and brilliant day for the world". Maritime groups say they are still verifying whether it is safe for vessels to travel through the strait, and tracking shows minimal ship movement. The announcement by Abbas Araghchi, Iran's foreign minister, came on Friday - the first full day of a 10-day ceasefire between Israel and Lebanon. (BBC Web page : 18.04.2026 Ali Ahmed)

**SENIOR OFFICIAL OUSTED OVER MANDELSON SECURITY ROW TO FACE MPS**

The chief Foreign Office official ousted over the decision to grant Peter Mandelson a security clearance despite vetting concerns is expected to face questions from MPs on Tuesday. Sir Olly Robbins will be grilled by the Foreign Affairs Committee over why the ex-US ambassador received the clearance, and whether No 10 was told about red flags. It adds to the potential jeopardy Sir Keir Starmer faces next week, with the planned appearance coming a day after he is due to appear in the Commons to answer questions about the row. Sir Olly's predecessor Lord Simon McDonald has defended the senior official, telling BBC Radio 4's Today programme that "No 10 wanted a scalp and wanted it quickly". He continued: "I cannot see that there was any process, any fairness, any giving [Sir Olly] the chance to set out his case, and that feels, to me, wrong." Lord McDonald, who was permanent secretary between 2015 and 2020, said details from the "confidential" vetting process would "never be shared with No 10 or the prime minister".

(BBC Web page : 18.04.2026 Ali Ahmed)

**FRENCH FILM STAR NATHALIE BAYE DIES AGED 77, MEDIA REPORT**

One of France's most celebrated film stars, Nathalie Baye, has died aged 77, French media report. President Emmanuel Macron said the much-loved stalwart of French cinema had been "an actress with whom we loved, dreamed and grew up". A four-time acting winner at the Césars - France's equivalent of the Oscars - Baye starred in some 80 films in her lifetime after breakout roles in the early 1970s. Her family told the French news agency AFP she had died at her home in Paris on Friday evening from a form of dementia. Born into a bohemian family of artists in Normandy in 1948, she began her career as a dancer before turning to acting. Baye got her break in François Truffaut's 1973 comedy La Nuit Américaine, titled Day for Night in English - when she was fresh out of drama school, Le Monde reported.

(BBC Web page : 18.04.2026 Ali Ahmed)

**ONE DEAD AFTER CAR HITS PEDESTRIANS IN MELBOURNE, POLICE SAY**

Police have arrested a man in Melbourne after a car mounted a kerb and drove into pedestrians, killing one. A grey Toyota struck two pedestrians on Langs Road in the Ascot Vale suburb just before 17:00 local time (07:00 GMT) on Saturday, Victoria Police said. One pedestrian died at the scene and the second was taken to hospital with life-threatening injuries. Police said the circumstances surrounding the collision had not yet been established and the arrested man was due to be interviewed. Local media reported the crash happened outside the Melbourne Showgrounds, which had been hosting the two-day Supanova Comic Con & Gaming event. Pictures of the scene showed a police cordon around the vehicle which appeared to have visible damage. (BBC Web page : 18.04.2026 Ali Ahmed)

## :: THE END ::